(খ) “ডিজিটাল নথি ব্যবস্থাপনা ও অফিস ব্যবস্থাপনা এবং টেলিযোগাযোগ অধিদপ্তরের অর্গানোগ্রাম, গণকর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) অধ্যাদেশ, ১৯৮২ ও বাংলাদেশ সিভিল সার্ভিস (নিয়োগ) বিধিমালা, ১৯৮১” শীর্ষক প্রশিক্ষণ বাবদ ১৮,১৩০/- (আঠারো হাজার একশত ত্রিশ) টাকা মাত্র (পত্র পাতা ২২ সদয় দ্রষ্টব্য)।

৮। সদয় পরবর্তী সিদ্ধান্তের জন্য নথি উপস্থাপন করা হলো।

তারিখসহ স্বাক্ষরিত/-

(-----)

প্রশাসনিক কর্মকর্তা/-----

(-----)

সহকারী পরিচালক

৯। নোটানুচ্ছেদ ৭-৮ সদয় দ্রষ্টব্য। নোটে উপস্থাপিত দুটি অভ্যন্তরীণ প্রশিক্ষণ বাবদ সর্বমোট ব্যয় টাকা (১৮,০৩৬/- + ১৮,১৩০/-) = ৩৬,১৬৬/- (ছত্রিশ হাজার একশত ছিষটি) মাত্র এবং ইতোপূর্বে এ উপ-খাতে ব্যয়িত টাকার পরিমাণ ১,৫০০/-। অতএব, এ যাবত অভ্যন্তরীণ প্রশিক্ষণ উপ-খাতে ব্যয়িত মোট টাকার পরিমাণ (৩৬,১৬৬/- + ১৫০০/-) = ৩৭,৬৬৬/- টাকা; যা এ উপ-খাতের বাজেট ৫,০০,০০০/- অপেক্ষা কম। ফলে বিলটি পরিশোধের জন্য মঞ্জুরী পত্র জারী করা যেতে পারে। এমতাবস্থায়, উক্ত ব্যয় বিবরণীর আলোকে মঞ্জুরী পত্রসহ সিএও, তার ও দূরালাপনী, সেগুন বাগিচা, ঢাকা-কে বিল পরিশোধের নিমিত্ত প্রেরণ করা যেতে পারে।

-পরবর্তী পাতা ০৪ সদয় দ্রষ্টব্য-

=০৪=

পূর্ববর্তী পৃষ্ঠা হতে আগত---

১০। প্রেরিতব্য দু'টি মঞ্জুরী পত্রের খসড়া/স্বচ্ছ পাতা যথাক্রমে ২৩ ও ২৪ সদয় অনুমোদন/সংশোধন/স্বাক্ষরের জন্য নথি উপস্থাপন করা হলো। বিষয়টি মহাপরিচালক মহোদয় পর্যায়ে অনুমোদনযোগ্য।

তারিখসহ স্বাক্ষরিত/=

(-----)

সহকারী পরিচালক

(-----)

উপ-পরিচালক

অর্থনৈতিক কোড নম্বরের গঠন ও কোডসমূহের বিশ্লেষণ

১১.০ জাতীয় শ্রেণী বিন্যাস কাঠামো (National Classification Structure)

বাংলাদেশ সরকারের সরকারী হিসাব পরিচালনার জন্য ১৯৯৮ সালের ১লা জুলাই হইতে একটি নতুন শ্রেণী বিন্যাস চার্ট প্রবর্তন করা হয়েছে যা বর্তমানে সকল মন্ত্রণালয়ের বাজেট প্রণয়ন ও হিসাব সংরক্ষণের ক্ষেত্রে ব্যবহৃত হচ্ছে। নতুন শ্রেণী বিন্যাসের প্রধান বৈশিষ্ট্যগুলি নিম্নরূপ:

১. এতে সরকারের প্রশাসনিক কাঠামো যথাযথভাবে প্রতিফলিত হয়েছে;
২. এটা বুঝতে পারা এবং প্রয়োগ করা অপেক্ষাকৃত সহজ;
৩. এতে ভবিষ্যৎ সংশোধন ও উন্নয়নের সুযোগ রয়েছে;
৪. এটা রাজস্ব ও উন্নয়ন বাজেটের একত্রীকরণ সহজতর করবে;
৫. এটা সংযুক্ত তহবিল ও প্রজাতন্ত্রের সরকারী হিসাবের জন্য সমভাবে প্রযোজ্য।

১১.১ শ্রেণীবিন্যাস কাঠামোর ৪ টি গ্রুপের সংক্ষিপ্ত বিবরণ

অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত যে শ্রেণী বিন্যাস কোড বর্তমানে প্রচলিত আছে (যা রিবেক/ RIBEC(Reforms in Budgeting and Expenditure Control) কোড বলে সাধারণত পরিচিত, তাতে ১৩টি অংক আছে যাহা সুস্পষ্ট ৪টি গ্রুপে বিভক্ত। এগুলি নিম্নরূপ:

| লেভেল | অংকের সংখ্যা | বিবরণ |
|---------|-------------------------------------|--|
| লেভেল-১ | ১ অংক | সাংবিধানিক/বিধিগত |
| লেভেল-২ | ৪ অংক [প্রথম ২ অংক শেষ ২ অংক] | মন্ত্রণালয়/বিভাগ অধিদপ্তর/পরিদপ্তর/অপারেশনাল গ্রুপ |
| লেভেল-৩ | ৪ অংক | অপারেশনাল ইউনিট/উন্নয়ন প্রকল্প |
| লেভেল-৪ | ৪ অংক [প্রথম ২ অংক শেষ ২ অংক] | অর্থনৈতিক গ্রুপ অর্থনৈতিক গ্রুপের বিস্তারিত বিবরণ |

১১.২ লেভেল ১: সাংবিধানিক কোড (Legal Code)

সাংবিধানিক কোড সরকারের রাজস্ব আদায় অথবা সরকারী অর্থ ব্যয়ের আইনানুগ ক্ষমতার নির্দেশ করে। বিভিন্ন প্রকারের লেনদেনের জন্য নিম্নলিখিত সাংবিধানিক কোডসমূহ ব্যবহৃত হয়:

প্রাপ্তির ক্ষেত্রে:

১. যদি প্রাপ্তিটি সংযুক্ত তহবিলে প্রাপ্তি হয়, তাহা হইলে সাংবিধানিক কোড ১ ব্যবহার করিতে হইবে;
২. যদি ইহা প্রজাতন্ত্রের সরকারী হিসাবের প্রাপ্তি হয়, তাহা হইলে সাংবিধানিক কোড ৬ ব্যবহার করিতে হইবে।

ব্যয়ের ক্ষেত্রে:

১. যদি ইহা সংযুক্ত তহবিলে দায়যুক্ত ব্যয় হয় তাহা হইলে সাংবিধানিক কোড ২ ব্যবহার করিতে হইবে;
২. যদি ইহা সংযুক্ত তহবিলে অনুন্নয়ন ব্যয় হয়, তাহা হইলে সাংবিধানিক কোড ৩ ব্যবহার করিতে হইবে;
৩. যদি ইহা সংযুক্ত তহবিলের উন্নয়ন ব্যয় হয়, তাহা হইলে সাংবিধানিক কোড ৫ ব্যবহার করিতে হইবে; এবং
৪. যদি ইহা প্রজাতন্ত্রের সরকারী হিসাব হইতে ব্যয় হয়, তাহা হইলে সাংবিধানিক কোড ৭ ব্যবহার করিতে হইবে।

১১.৩ লেভেল-২ এবং লেভেল-৩: প্রাতিষ্ঠানিক কোড (Functional Code)

লেভেল-২ ও লেভেল-৩ কোডসমূহ এই গ্রুপের অন্তর্ভুক্ত। এই কোডগুলির দ্বারা সরকারের কাঠামোর আওতাভুক্ত ব্যয় নির্বাহী অথবা রাজস্ব সংগ্রহকারী Unit চিহ্নিত হইয়াছে এবং ইহার ব্যয়ের উদ্দেশ্য সনাক্ত করে। এইগুলি সরকারের এবং লাইন মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামো (Hierarchy) অনুযায়ী সাজানো হইয়াছে।

লেভেল-২ অপারেশনাল গ্রুপ-

লেভেল-২ কোড ৪ অংক বিশিষ্ট। প্রথম ২ অংক দ্বারা মন্ত্রণালয় বা বিভাগ বুঝায় এবং শেষ ২ অংক দ্বারা মন্ত্রণালয়ের অধীনে একটি অধিদপ্তর/পরিদপ্তর অথবা অপারেশনাল গ্রুপ বুঝায়। উদাহরণ স্বরূপ লেভেল-২ কোড নং ২৭২১ এর প্রথম দুই অংক ২৭০০ দ্বারা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বুঝায় এবং শেষ ২ অংক ২১ দ্বারা স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীনে অপারেশনাল গ্রুপ “মেডিকেল কলেজসমূহে” বুঝায়।

লেভেল-৩ অপারেশনাল ইউনিট (পরিচালন কোড)-

লেভেল-৩ কোড হইল Functional Structure এর সর্বশেষ কোড। এগুলি লেভেল-২ কোডের সংগে ব্যবহার করিতে হইবে। এই কোডের অনুকূলে বিস্তারিত বাজেট বরাদ্দ দেওয়া হয়। লেভেল-৩ নিম্নলিখিত সংস্থাগুলিকে শনাক্ত করে।

১. অধীনস্থ সংস্থা/ইউনিট;
২. বিদেশী অথবা আন্তর্জাতিক সংস্থা;
৩. আঞ্চলিক দপ্তর/মাঠ পর্যায়ের দপ্তর;
৪. উন্নয়ন প্রকল্প; এবং
৫. সেক্টর কর্মসূচীর কার্যক্রম।

লেভেল-৩ কোডের বিভাজন:

লেভেল-৩ কোডের ব্যাপ্তি ০০০১ হইতে ৯৯৯৯ পর্যন্ত। ইহার মধ্যে ০০০১ হইতে ৪৯৯৯ পর্যন্ত কোডগুলি অনুন্নয়ন খাতের অপারেশনাল ইউনিট বুঝাইতে এবং ৫০০০ হইতে ৯৯৯৯ পর্যন্ত কোডগুলি উন্নয়ন প্রকল্পের জন্য ব্যবহৃত হয়। উন্নয়ন প্রকল্পের জন্য ব্যবহৃত কোড রেঞ্জ ৫০০০-৯৯৯৯ আবার ৩টি ভাগে (Group) বিভক্ত, যথা:

১. বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/পরিদপ্তর ইত্যাদি দ্বারা বাস্তবায়ন যোগ্য প্রকল্পগুলির কোড রেঞ্জ ৫০০০-৬৯৯৯;
২. স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বাস্তবায়নযোগ্য প্রকল্পগুলির কোড রেঞ্জ ৭০০০-৮৯৯৯; এবং
৩. সেক্টর কর্মসূচীর অন্তর্ভুক্ত উন্নয়ন কর্মসূচীগুলির জন্য ৯০০০-৯৯৯৯ কোড রেঞ্জ বরাদ্দ করা হইয়াছে।

১১.৪ লেভেল-৪: অর্থনৈতিক কোড (Economic Code)

লেভেল-৪ কোড ৪ অংক বিশিষ্ট। প্রথম ২ অংক দ্বারা অর্থনৈতিক গ্রুপ বুঝায় এবং শেষ ২ অংক দ্বারা অর্থনৈতিক গ্রুপের বিস্তারিত বিবরণ বুঝায়। যেমন: লেভেল-৪ এর ৪৮৪০ কোডের প্রথম দুটি অংক ৪৮** (৪৮০০) সরবরাহ ও সেবা খাতের কোড এবং শেষ দুটি অংক **৪০ (৪৮৪০) প্রশিক্ষণ ব্যয় (সরবরাহ ও সেবা খাতের অর্থনৈতিক গ্রুপের অন্তর্ভুক্ত)-কে নির্দেশ করে।

কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক ১৯৯৯ সনের আগস্ট মাসে প্রকাশিত শ্রেণীবিন্যাস কোড (দ্বিতীয় সংস্করণ) পুস্তকের এ্যানেক্স ৪-ক তে HPSP এর প্রধান কর্মসূচীগুলির বিপরীতে প্রদত্ত লেভেল ৩ কোডগুলি দেখানো আছে। পূর্বেই বলা হইয়াছে যে, নতুন শ্রেণী বিন্যাস কাঠামোতে উন্নয়ন ও সংশোধনের পর্যাপ্ত সুযোগ রহিয়াছে। সেই মোতাবেক লাইন ডাইরেক্টরদের নিকট হইতে সময়ে সময়ে নতুন কর্মসূচীর জন্য কোড প্রদানের জন্য প্রস্তাব পাওয়া গেলে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয় এবং অনুমোদনের পরে সংশ্লিষ্ট সকলকে জানাইয়া দেওয়া হয়। বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেলই কোন কোড অনুমোদন, সংশোধন বাতিল করার উপযুক্ত কর্তৃপক্ষ।

১১.৫ ইন্টারনেটে প্রাতিষ্ঠানিক কোড ও অর্থনৈতিক কোডের লিংক

লেভেল-২ ও লেভেল-৩ এর বিস্তারিত তালিকা <http://mof.gov.bd/en/budget/cr/operational.pdf> হতে এবং লেভেল-৪ এর বিস্তারিত তালিকা <http://mof.gov.bd/en/budget/cr/economiccode.pdf> হতে ডাউন-লোড করা করা যেতে পারে।

১১.৬ উদাহরণ

National Classification Structure (RIBEC Code) has 13 digit which are Grouped by 4.

Example-1

| Level-1 Legal Code | Level-2 Functional Code | Level-3 | Level-4 |
|-----------------------|----------------------------|---------|---------|
| 3 | 2741 | 0020 | 4601 |

- অনুন্নয়ন ব্যয়ের সাংবিধানিক কোড (লেভেল১) হলো ৩; (সংযুক্ত তহবিল অনুন্নয়ন ব্যয়)
- মেডিকেল কলেজ হাসপাতাল সমূহের লেভেল ২ কোড হলো ২৭৪১;
- রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালের লেভেল ৩ কোড (পরিচালনা কোড) হলো ০০২০;
- প্রতিষ্ঠান কর্মচারীদের বেতন এর অর্থনৈতিক কোড হলো ৪৬০১।

১১.৭ টেলিযোগাযোগ অধিদপ্তর এর প্রাতিষ্ঠানিক ও পরিচালন কোড বরাদ্দ আদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
কোম্পানী-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-১৪.০০.০০০০.০০৮.২২.০০২.১৩৯(অংশ)-৩৮৮

৩০ ভাদ্র ১৪২২
তারিখ: -----।
১৪ সেপ্টেম্বর ২০১৫

বিষয়: নবসৃজিত “টেলিযোগাযোগ অধিদপ্তর” এর প্রাতিষ্ঠানিক ও পরিচালন কোড বরাদ্দ প্রসঙ্গে।

সূত্র: অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ স্মারক নং-০৭.১০১.০১৮.০০.০০.০৪৫.২০১০.৮০, তারিখ: ১০-০৯-২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের মাধ্যমে নবসৃজিত “টেলিযোগাযোগ অধিদপ্তর” এর অনুকূলে নিম্নোক্তভাবে প্রাতিষ্ঠানিক ও পরিচালন কোড বরাদ্দ করা হয়েছে:

| মন্ত্রণালয়/বিভাগের নাম | বিবরণ | লেভেল-২ কোড | লেভেল-৩ কোড (পরিচালন কোড) |
|-------------------------|----------------------|-------------|---------------------------|
| ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | টেলিযোগাযোগ অধিদপ্তর | ৫৪৫১ | ০০০১ |

০২। এমতাবস্থায়, উক্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের পত্রের ছায়ালিপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

(ফারাহ গুল নিব্বুম)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৭৪৪৫২।

E-mail:company1@ptd.gov.bd

মহাপরিচালক
টেলিযোগাযোগ অধিদপ্তর
মহাপরিচালকের কার্যালয়
তেজগাঁও, ঢাকা।

১১.৮ উল্লেখযোগ্য পরিচালন কোড/অর্থনৈতিক কোডের তালিকা (পুরাতন)

| অর্থনৈতিক কোড | বিবরণ |
|----------------------|---------------------------------|
| বেতন | |
| ৪৫০১ | অফিসারদের বেতন |
| ৪৬০১ | কর্মচারীদের বেতন |
| ভাতাদি | |
| ৪৭০১ | মহার্ঘ ভাতা |
| ৪৭০৫ | বাড়ী ভাড়া ভাতা |
| ৪৭০৯ | শ্রান্তি বিনোদন ভাতা |
| ৪৭১৩ | উৎসব ভাতা |
| ৪৭১৪ | বাংলা নববর্ষ ভাতা |
| ৪৭১৭ | চিকিৎসা ভাতা |
| ৪৭২৫ | ধোলাই ভাতা |
| ৪৭৩৩ | আপ্যায়ন ভাতা |
| ৪৭৩৭ | দায়িত্বভার ভাতা |
| ৪৭৫৫ | টিফিন ভাতা |
| ৪৭৬৫ | যাতায়াত ভাতা |
| ৪৭৭৩ | শিক্ষা ভাতা |
| ৪৭৯৪ | টেলিফোন/মোবাইল ভাতা |
| ৪৭৯৫ | অন্যান্য ভাতা |
| সরবরাহ ও সেবা | |
| ৪৮০১ | ভ্রমণ ব্যয় |
| ৪৮০৪ | আনুষঙ্গিক প্রতিষ্ঠান |
| ৪৮০৫ | অধিককাল ভাতা |
| ৪৮০৬ | অফিস ভাড়া |
| ৪৮১৫ | ডাক খরচ |
| ৪৮১৬ | টেলিফোন/টেলিগ্রাম/টেলিপ্রিন্টার |
| ৪৮১৭ | ফ্যাক্স/ইন্টারনেট |
| ৪৮১৮ | রেজিস্ট্রেশন ফি |
| ৪৮২১ | বিদ্যুৎ বিল |
| ৪৮২২ | গ্যাস ও জ্বালানী |
| ৪৮২৩ | পেট্রোল ও লুব্রিকেন্ট |
| ৪৮২৪ | বীমা/ব্যাংক চার্জ |
| ৪৮২৭ | মুদ্রণ/প্রকাশনা ও বাধাই |

| অর্থনৈতিক কোড | বিবরণ |
|-----------------------------|---|
| ৪৮২৮ | স্টেশনারী/সীল/স্ট্যাম্প |
| ৪৮৩১ | বইপত্র ও সাময়িকী |
| ৪৮৩৩ | প্রচার ও বিজ্ঞাপন |
| ৪৮৩৬ | উদ্দিপোষাক (ইউনিফর্ম) |
| ৪৮৪০ | প্রশিক্ষণ খরচ |
| ৪৮৪১ | আইসিটি/ই-গভর্নেন্স |
| ৪৮৪২ | সেমিনার/কনফারেন্স |
| ৪৮৪৫ | আপ্যায়ন খরচ |
| ৪৮৪৬ | পরিবহন/যাতায়াত ব্যয় (ট্রান্সপোর্টেশন) |
| ৪৮৬৯ | চিকিৎসা ব্যয় |
| ৪৮৭৪ | কনসালটেন্সি |
| ৪৮৭৫ | পরিষ্কার পরিচ্ছন্নতা |
| ৪৮৭৭ | গাড়ী রক্ষণাবেক্ষণ ব্যয় |
| ৪৮৮২ | আইন সংক্রান্ত ব্যয় |
| ৪৮৮৩ | সম্মানী ভাতা/ফি/পারিশ্রমিক |
| ৪৮৮৭ | কপি/অনুলিপি ব্যয় |
| ৪৮৮৮ | কম্পিউটার সামগ্রী |
| ৪৮৯৩ | হায়ারিং চার্জ |
| ৪৮৯৯ | অন্যান্য ব্যয় |
| মেরামত ও সংরক্ষণ : | |
| ৪৯০১ | মোটর যানবাহন |
| ৪৯০৬ | আসবাবপত্র |
| ৪৯১১ | কম্পিউটার ও অফিস সরঞ্জাম |
| ৪৯২১ | অফিস ভবন |
| ৪৯৯১ | অন্যান্য মেরামত ও সংরক্ষণ |
| অবসর ভাতা ও আনুতোষিক | |
| ৬৩০১ | অবসর ভাতা (পারিবারিকসহ) |
| ৬৩০২ | পেনশনারদের উৎসব ভাতা |
| ৬৩০৩ | পেনশনারদের মহার্ঘ ভাতা |
| ৬৩০৪ | পেনশনারদের নববর্ষ ভাতা |
| ৬৩১১ | আনুতোষিক |
| ৬৩৪১ | পেনশনারদের চিকিৎসা সুবিধা |

| সম্পদ সংগ্রহ ও ক্রয় | |
|----------------------|-------------------------------|
| ৬৮০৭ | মোটরযান |
| ৬৮১৩ | যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম |

১১.৯ অর্থ-বছর ২০১৮-১৯ থেকে iBAS++ কর্তক প্রদত্ত নতুন অর্থনৈতিক কোড (অধিক ব্যবহৃত)-এর তালিকা

টেলিযোগাযোগ অধিদপ্তরের জন্য প্রযোজ্য

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের কোড- ১৫৪

প্রাতিষ্ঠানিক কোড: ১৫৪০৩

পরিচালন ইউনিট : ১৫৪০৩০১

মাঠ অফিস: ১৫৪০৩০১১৩২৪৮১

টেলিযোগাযোগ অধিদপ্তরের প্রাতিষ্ঠানিক/অপারেশন কোড
নং-১৩২৪৮১

| অর্থনৈতিক কোড (বিবরণ) |
|-------------------------------------|
| ৩১-কর্মচারীদের প্রতিদান |
| ৩১১১০১- মূল বেতন (অফিসার) |
| ৩১১১০২- মূল বেতন (কর্মচারী) |
| ৩১১১০৩- দায়িত্ব ভাতা |
| ৩১১১০৪- যাতায়াত ভাতা |
| ৩১১১০৫- মহার্ঘ ভাতা |
| ৩১১১০৬- শিক্ষা ভাতা |
| ৩১১১০৭- বাড়ি ভাড়া ভাতা |
| ৩১১১০৮- চিকিৎসা ভাতা |
| ৩১১১০৯- মোবাইল/সেলফোন ভাতা |
| ৩১১১১০- আবাসিক টেলিফোন নগদায়ন ভাতা |
| ৩১১১১১- টিফিন ভাতা |

| | |
|------|------------------------|
| ৬৮১৫ | কম্পিউটার ও যন্ত্রাংশ |
| ৬৮১৯ | অফিস সরঞ্জাম |
| ৬৮২১ | আসবাবপত্র |
| ৬৮৫৩ | অগ্নি নির্বাপক সরঞ্জাম |

| অর্থনৈতিক কোড (বিবরণ) |
|--|
| ৩১১১৩১৬- ধোলাই ভাতা |
| ৩১১১৩২৫- উৎসব ভাতা |
| *৩১১১৩২৭- অধিকাল ভাতা |
| ৩১১১৩২৮- শ্রান্তি ও বিনোদন ভাতা |
| ৩১১১৩৩১- আপ্যায়ন ভাতা |
| ৩১১১৩৩২- সন্মানি ভাতা |
| ৩১১১৩৩৫-বাংলা নববর্ষ ভাতা |
| ৩১১১৩৩৫- অন্যান্য ভাতা |
| মোট কর্মচারীদের প্রতিদান |
| ৩২-পণ্য ও সেবার ব্যবহার |
| ৩২১১১০২- পরিষ্কার পরিচ্ছন্নতা সামগ্রী |
| ৩২১১১০৬- আপ্যায়ন ব্যয় |
| ৩২১১১০৭- যানবাহন ব্যবহার (চুক্তিভিত্তিক) |
| ৩২১১১০৯- সাকুল্য বেতন (সরকারি কর্মচারি ব্যতীত) |
| ৩২১১১১০- আইন সংক্রান্ত ব্যয় |
| ৩২১১১১১- সেমিনার/কনফারেন্স ব্যয় |
| *৩২১১১১৩- বিদ্যুৎ |
| *৩২১১১১৫- পানি |
| ৩২১১১১৭- ইন্টারনেট/ফ্যাক্স/টেলেক্স |
| *৩২১১১১৯- ডাক |
| *৩২১১১২০- টেলিফোন |
| ৩২১১১২০- মেশিন ও সরঞ্জামাদির ভাড়া |
| *৩২১১১২৫- প্রচার ও বিজ্ঞাপন ব্যয় |
| ৩২১১১২৭- বইপত্র ও সাময়িকী |
| ৩২১১১২৮- প্রকাশনা |
| *৩২১১১২০- অফিস ভবন ভাড়া |
| ৩২১১১৩০- যাতায়াত ব্যয় |
| ৩২১১১৩১-আউটসোর্সিং |
| ৩২১১১০৪- নিবন্ধন ফি |
| ৩২১১১০৭- অনুলিপি ব্যয় |
| ৩২১১১০৮- ব্যাংক চার্জ |
| ৩২১১৩০১- প্রশিক্ষণ |
| ৩২৪৩১০১- পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট |

| অর্থনৈতিক কোড (বিবরণ) |
|---|
| *৩২৪৩১০২- গ্যাস ও জ্বালানী |
| ৩২৪৪১০১-আভ্যন্তরীণ ভ্রমন ব্যয় |
| ৩২৪৪১০১- বৈদেশিক ভ্রমন ব্যয় |
| ৩২৫৫১০১- কম্পিউটার সামগ্রী |
| ৩২৫৫১০২- মুদ্রন ও বঁধাই |
| ৩২৫৫১০৪- স্ট্যাম্প ও সিল |
| ৩২৫৫১০৫- অন্যান্য মনিহারি |
| ৩২৫৬১০৬- পোষাক |
| ৩২৫৭১০১- কনসালটেন্সি |
| ৩২৫৭৩০২- চিকিৎসা ব্যয় |
| ৩২৫৮১০১- মোটরযান |
| ৩২৫৮১০২- আসবাবপত্র |
| ৩২৫৮১০৩- কম্পিউটার |
| ৩২৫৮১০৪- অফিস সরঞ্জামাদি |
| ৩২৫৮১০৫- অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি |
| ৩২৫৮১০৭- অনাবাসিক ভবন |
| ৩২৫৮১০৮- মোটরযান রক্ষণাবেক্ষন ব্যয় |
| মোট পণ্য ও সেবার ব্যবহার |
| অবসর ভাতা ও আনুতোষিক |
| ৩৭৩১১০১-আনুতোষিক |
| ৩৭৩১১০৩-অবসর ভাতা |
| ৩৭৩১১০৪-অবসরভোগীদের চিকিৎসা সুবিধা |
| ৩৭৩১১০৬-অবসরভোগীদের উৎসব ভাতা |
| মোট অবসর ভাতা ও আনুতোষিক |
| ৪১-অ-আর্থিক সম্পদ |
| ৪১১২১০১-মোটরযান |
| ৪১১২২০১-তথ্য যোগাযোগ প্রযুক্তি সরঞ্জামাদি |
| ৪১১২২০২-কম্পিউটার এবং আনুষঙ্গিক |
| ৪১১২২০৫-তথ্য, কম্পিউটার ও টেলিযোগাযোগ (আইসিটি) সরঞ্জাম |
| ৪১১২৩০৫-অগ্নিনির্বাপক সরঞ্জামাদি |
| ৪১১২৩১০-অফিস সরঞ্জামাদি |
| ৪১১২৩১৪-আসবাবপত্র |
| মোট অ-আর্থিক সম্পদ |
| সর্বমোট |

সকল কোডের তালিকা পেতে নিচের লিংক

দেখুন:

<https://ibas.finance.gov.bd/ibas2/Public/CoaCode>

বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) সংক্রান্ত বিষয়াদি

১২.০ বার্ষিক গোপনীয় অনুবেদন

কোন কর্মস্থলে একই ইংরেজি পঞ্জিকা বৎসর একজন অনুবেদনকারী কর্তৃপক্ষের অধীনে একজন অনুবেদনাধীন কর্মকর্তার কর্মকালীন সময়ের সার্বিক কর্মমূল্যায়নের নামই বার্ষিক গোপনীয় প্রতিবেদন।

সাধারণত একই পঞ্জিকা বছরের একটি প্রতিবেদন দাখিল করতে হয়। তবে প্রয়োজনে এবং বিশেষ অবস্থার পরিপ্রেক্ষিতে এক পঞ্জিকা বর্ষে একাধিক আংশিক এবং বিশেষ গোপনীয় অনুবেদন দাখিলের প্রয়োজন হইতে পারে।

প্রয়োজনীয়তা

একজন কর্মকর্তার চাকুরী স্থায়ীকরণ, সিলেকশন গ্রেড, টাইম স্কেল, পদায়ন, পদোন্নতি, প্রোমোশন, পুরস্কার ও তিরস্কার প্রদানের ক্ষেত্রে গোপনীয় অনুবেদন অপরিহার্য।

লক্ষ্য

একজন সরকারি কর্মচারীর কার্যসম্পাদন ও ব্যক্তিগত বৈশিষ্ট্য তথা কাজের পরিমাণ, গুণগত মান, দক্ষতা, সততা, নিষ্ঠা ইত্যাদি বিষয়ে তথ্য সরবরাহ করা।

উদ্দেশ্য

- নির্দেশনার সোপান/প্রশাসনিক নিয়ন্ত্রণ নিশ্চিতকরণ;
- কর্মদক্ষতার জবাবদিহিতা নিশ্চিতকরণ;
- কার্যসম্পাদনের উন্নতিসাধন নিশ্চিতকরণ, ইত্যাদি।

প্রকারভেদ

১. বার্ষিক গোপনীয় অনুবেদন;
২. আংশিক গোপনীয় অনুবেদন; ও
৩. বিশেষ গোপনীয় অনুবেদন।

বার্ষিক গোপনীয় অনুবেদন: একজন অনুবেদনাধীন কর্মকর্তা এক কর্মস্থলে একজন অনুবেদনকারী কর্তৃপক্ষের অধীনে এক ইংরেজি পঞ্জিকা বছর কর্ম সম্পাদনের পর বৎসর শেষে গোপনীয় অনুবেদন ফরম পূরণ পূর্বক অনুবেদনকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করে থাকেন।

আংশিক গোপনীয় অনুবেদন: নিজ কর্মস্থল পরিবর্তন বা অনুবেদনকারী কর্তৃপক্ষ পরিবর্তনের কারণে একজন অনুবেদনাধীন কর্মকর্তা এক কর্মস্থলে একজন অনুবেদনকারী কর্তৃপক্ষের অধীনে এক বছর অপেক্ষা কম সময় কর্ম সম্পাদনের পর সংশ্লিষ্ট পঞ্জিকা বৎসরের যে কোন সময় গোপনীয় অনুবেদন ফরম পূরণ পূর্বক অনুবেদনকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করে থাকেন।

বিশেষ গোপনীয় অনুবেদন: সাধারণভাবে শিক্ষা-ছুটি, বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, লিয়েনে থাকা কোন কর্মকর্তার পদোন্নতির ক্ষেত্রে সরকার প্রয়োজনে বিশেষ গোপনীয় অনুবেদন দাখিল করার আদেশ প্রদান করতে পারেন। এইরূপ ক্ষেত্রে, নিয়োগকারী কর্তৃপক্ষ এবং সেই সকল কর্মকর্তার ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ রাষ্ট্রপতি সেই সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব/ভারপ্রাপ্ত সচিব বিশেষ গোপনীয় অনুবেদন দাখিলের আদেশ দান করবেন।

গোপনীয় অনুবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ

- ক) অনুবেদনাধীন কর্মকর্তা-যে কর্মকর্তার অনুবেদন লেখা হয়;
- খ) অনুবেদনকারী কর্তৃপক্ষ-অনুবেদনাধীন কর্মকর্তার সরাসরি নিয়ন্ত্রণকারী কর্মকর্তা;
- গ) প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষ- অনুবেদনকারী কর্মকর্তার সরাসরি নিয়ন্ত্রণকারী কর্মকর্তা;
- ঘ) ডেসিয়ার [যাহাতে চাকুরী বিবরণী, সকল গোপনীয় অনুবেদন সংরক্ষিত হয়] হেফাজতকারী কর্তৃপক্ষ:

১. জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিআর অধিশাখা;
২. অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগ এর ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এর প্রশাসন অনুবিভাগ বা সচিব কর্তৃক নির্ধারিত অন্য কোন অনুবিভাগ; এবং
৩. অধিদপ্তর/দপ্তর এর ক্ষেত্রে সংশ্লিষ্ট অধিদপ্তর/দপ্তর এর প্রশাসন শাখা বা অধিদপ্তর/দপ্তর প্রধান কর্তৃক নির্ধারিত অন্য কোন শাখা।

১২.১ গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরের সময়সূচী

১. প্রতিবৎসর ১৫ অক্টোবরের মধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর প্রত্যেক অনুবেদনাধীন কর্মকর্তাকে ৩১ জানুয়ারীর মধ্যে ঐ বৎসরের বার্ষিক গোপনীয় অনুবেদন পেশ করার জন্য স্মরণ করাইয়ে দিবেন।
২. অনুবেদনাধীন কর্মকর্তা কর্তৃক পূরণকৃত ০২ প্রস্থ অনুবেদন ফরম ৩১ জানুয়ারীর মধ্যে আবশ্যিকভাবে অগ্রগামী পত্রসহ অনুবেদনকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন এবং অগ্রগামী পত্রের অনুলিপি প্রতিস্বাক্ষরকারী এবং ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন।
৩. অনুবেদনকারী কর্তৃপক্ষ ২৮ ফেব্রুয়ারীর মধ্যে সীলগালাকৃত খামে “গোপনীয়” শব্দটি লিখে অগ্রগামী পত্রসহ প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন এবং অগ্রগামী পত্রের অনুলিপি অনুবেদনাধীন কর্মকর্তাসহ ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন।
৪. প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষ ৩১ মার্চের মধ্যে সীলগালাকৃত খামে “গোপনীয়” শব্দটি লিখে অগ্রগামী পত্রসহ ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করবেন এবং অগ্রগামী পত্রের অনুলিপি অনুবেদনাধীন কর্মকর্তাসহ অনুবেদনকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন।
৫. বিশেষ গোপনীয় অনুবেদন দাখিলের ক্ষেত্রে নির্দেশ প্রাপ্তির ০৭ দিনের মধ্যে অনুবেদনাধীন কর্মকর্তাকে অনুবেদন দাখিল করতে হবে। দাখিলের ১৫ দিনের মধ্যে অনুবেদনকারী কর্তৃপক্ষ প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষের বরাবর প্রেরণ করবেন। প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন।
৬. ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষ প্রতি বৎসর ৩১ ডিসেম্বরের মধ্যে পূর্ববর্তী বৎসরের যথাসময়ে প্রাপ্ত গোপনীয় অনুবেদনসমূহের যাবতীয় বিষয় নিষ্পত্তি করবেন।

১২.২ বার্ষিক গোপনীয় অনুবেদন সংক্রান্ত সাধারণ নির্দেশনাবলী

১. এসিআর ফরম পূরণ ও লিখন সংশ্লিষ্ট অনুবেদনাধীন/অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী প্রত্যেক কর্মকর্তা স্পষ্টভাবে নাম, পরিচিতি নম্বর (যাদের আছে), তারিখ লিখতে হবে এবং আবশ্যিকভাবে সীল ব্যবহার করতে হবে;
২. বদলী/পদোন্নতির ক্ষেত্রে অবশ্যই পূর্ব পদবীসহ বর্তমান পদবী উল্লেখ করতে হবে;
৩. ওভার রাইটিং/কাটাকাটি/মোছামুছি/ফ্লুইড ব্যবহার করা যাবে না। বিশেষ প্রয়োজনে সংশ্লিষ্ট অংশ একটানে কেটে অনুস্বাক্ষরসহ নতুন করে লিখতে হবে;
৪. অনুবেদনাধীন কর্মকর্তা ফরমের ১৪ নং ক্রমিকে অনুবেদনকারী কর্মকর্তার অধীনে প্রকৃত কর্মকাল (দিন, মাস ও বছর) সঠিকভাবে উল্লেখ করবেন এবং অনুবেদনকারী কর্মকর্তা বিষয়টি নিশ্চিত হয়ে অনুস্বাক্ষর করবেন। অসম্পূর্ণ এসিআর বাতিল বলে গণ্য হবে।;
৫. কোন অনুবেদনাধীন কর্মকর্তাকে অসাধারণ মান বা চলতি মানের নিম্নে মূল্যায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তাকে এর স্বপক্ষে মন্তব্য কলামে যৌক্তিকতা প্রদর্শন করতে হবে;
৬. অনুবেদনকারী কর্মকর্তার প্রদত্ত নম্বর হ্রাস-বৃদ্ধির ক্ষেত্রে প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা ৭ম অংশে মন্তব্য কলামে হ্রাস-বৃদ্ধির স্বপক্ষে যৌক্তিক কারণ লিপিবদ্ধ করবেন;
৭. কোন কর্মস্থলে বা কোন কর্মকর্তার অধীনে চাকুরিকাল ০৩ (তিন) মাস না হলে এসিআর প্রযোজ্য হবে না। যথাযথ মূল্যায়ন এড়ানোর জন্য এমন কাউকে দিয়ে এসিআর লেখা যাবে না যার অধীনে কর্মকাল ০৩ মাস হয়নি। এ ধরনের এসিআর বাতিল বলে গণ্য হবে;
৮. কোন কর্মস্থলে একাধিক অনুবেদনকারী কর্মকর্তার অধীনে কর্মরত থাকার ক্ষেত্রে কোন অনুবেদনকারী কর্মকর্তার অনুকূলে কর্মকাল ০৩ মাস না হয়ে প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার অধীন ০৩ মাস হলে (যথোপযুক্ত প্রমাণসহ) অনুবেদনাধীন কর্মকর্তা কর্তৃক আবশ্যিকভাবে বিষয়টি অগ্রগামী পত্রে উল্লেখ পূর্বক প্রতিস্বাক্ষরকারীর নিকট আংশিক এসিআর দাখিল করবেন। প্রতিস্বাক্ষরকারী কর্তৃক অনুস্বাক্ষরের পর ৭ম অংশে কারণটি উল্লেখ করে তা অগ্রায়ণ করতে হবে। এ ক্ষেত্রে প্রতিস্বাক্ষরের প্রয়োজন হবে না। ঐ বছরের সকল আংশিক এসিআর নম্বরের গড় নম্বরই হবে সংশ্লিষ্ট কর্মকর্তার উক্ত বছরের প্রাপ্ত নম্বর;
৯. কোন কর্মস্থলে বা কোন কর্মকর্তার অধীন ০৩ মাস কিংবা ০৬ মাস বা ততোধিক সময় কাজ করে পুরো বছরের এসিআর দাখিল করা যাবে না। [জ.প্রশা.মন্ত্র.সিআর-৩ শাখার পত্র নং-০৫.০০.০০০০.১০২.২২.০০১.২০১২-৫৮, তারিখ: ০৭/০৭/২০১৪];
১০. একই পঞ্জিকা বছরে কোন কর্মস্থলে একাধিক অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার অধীনে কর্মরত থাকার ক্ষেত্রে অনুবেদনকারী এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা কারও অধীনেই কর্মকাল ০৩ মাস না হলে অথবা কোন কর্মস্থলেই কর্মকাল ০৩ মাস না

হলে (যেথোপযুক্ত প্রমাণসহ) আবশ্যিকভাবে ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষকে যথাসময়ে সরাসরি লিখিতভাবে বিষয়টি জানাতে হবে [জ.প্রশা. মন্ত্র.সিআর-৩ শাখার পত্র নং-০৫.০০.০০০০.১০২.২২.০০১.১৩-০৬, তারিখ: ৩১/০১/২০১৩];

১১. একই পঞ্জিকা বছরের একই কর্মস্থলে প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা একাধিক হলে যার তত্ত্বাবধানে অনুবেদনাধীন কর্মকর্তা অধিককাল কর্মরত ছিলেন তিনিই এসিআর এ প্রতি স্বাক্ষর করবেন, তবে একাধিক প্রতিস্বাক্ষরকারীর অধীনে কর্মকাল সমান হলে কর্মকালের শেষাংশে যার অধীন কর্মরত ছিলেন তিনিই এসিআর এ প্রতি স্বাক্ষর করবেন। [জ.প্রশা. মন্ত্র.সিআর-৩ শাখার পত্র নং-০৫.০০.০০০০.১০২.২২.০০১.১৩-২০, তারিখ: ০৬/০৫/২০১৩];
১২. শিক্ষানবিশ কোন কর্মকর্তা কোন শাখার দায়িত্বপ্রাপ্ত হলে উক্ত শাখার নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট এসিআর দাখিল করবেন। কোন শাখার দায়িত্ব প্রাপ্ত না হলে বা শাখায় কর্মকাল ০৩ (তিন) মাস না হলে শিক্ষানবিশ হিসেবে তাঁর নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট এসিআর দাখিল করবেন [জ.প্রশা. মন্ত্র.সিআর-৩ শাখার পত্র নং-০৫.০০.০০০০.১০২.২২.০০৩.১৫-৫০, তারিখ: ০৬/০৯/২০১৫];
১৩. নির্ধারিত সময়ের ০১ বছর অতিবাহিত হওয়ার পর কোন কর্মকর্তার এসিআর ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হলে তা কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল হিসেবে গণ্য হবে। তবে এ ক্ষেত্রে অনুবেদনাধীন কর্মকর্তা যথাসময়ে এসিআর দাখিল করলে এবং তার কোন ত্রুটি না থাকলে তাঁকে কোনভাবেই ক্ষতিগ্রস্ত করা যাবে না [জ.প্রশা. মন্ত্র.সিআর-৩ শাখার পত্র নং-০৫.০০.০০০০.১০২.২২.০০১.১৩-২০, তারিখ: ০৬/০৫/২০১৩];
১৪. অনুবেদনকারী কোন অবস্থাতেই অনুবেদনাধীন কর্মকর্তার মাধ্যমে (হাতে হাতে) অনুস্বাক্ষরিত এসিআর প্রেরণ করবেন না;
১৫. চুক্তি ভিত্তিক নিয়োগের ক্ষেত্রে চুক্তির মেয়াদ শেষ হওয়ার পরদিন থেকে ০১(এক) বছর পর্যন্ত চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা অনুবেদনাধীন কর্মকর্তার এসিআর অনুস্বাক্ষর/প্রতি স্বাক্ষর করতে পারবেন;
১৬. পিআরএল ভোগরত কর্মকর্তা অনুবেদনাধীন কর্মকর্তার এসিআর অনুস্বাক্ষর/প্রতি স্বাক্ষর করতে পারবেন;
১৭. বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর এ সংযুক্ত থাকলে এসিআর দাখিল করতে হবে।

১২.৩ গোপনীয় অনুবেদন ফরমের বিভিন্ন অংশ

| ফরমের অংশ | বিষয় বস্তু | পূরণকারী কর্মকর্তা/কর্তৃপক্ষ |
|-------------|--|--|
| কভার পৃষ্ঠা | অনুবেদনের সময়কাল, নাম, পদবী, পরিচিতি নম্বর ইত্যাদি। | অনুবেদনাধীন কর্মকর্তা |
| ১ম অংশ | স্বাস্থ্য প্রতিবেদন | অনুমোদিত স্বাস্থ্য কর্মকর্তা* |
| ২য় অংশ | অনুবেদনাধীন কর্মকর্তার জীবন বৃত্তান্ত | অনুবেদনাধীন কর্মকর্তা |
| ৩য় অংশ | অনুবেদনাধীন কর্মকর্তার ব্যক্তিগত বৈশিষ্ট্য। | অনুবেদনকারী কর্তৃপক্ষ |
| ৪র্থ অংশ | অনুবেদনাধীন কর্মকর্তার কার্যসম্পাদন সম্পর্কিত তথ্যাদি। | |
| ৫ম অংশ | লেখচিত্র (৩য় ও ৪র্থ অংশে উল্লেখ করা হয়নি এমন গুরুত্বপূর্ণ তথ্যাদি) | |
| ৬ম অংশ | অনুবেদনাধীন কর্মকর্তার বিশেষ প্রবণতা, যোগ্যতা, সততা ও সুনাম, পদোন্নতি, পদায়ন সংক্রান্ত তথ্য/সুপারিশ। | |
| ৭ম অংশ | অনুবেদনকারী কর্মকর্তার মূল্যায়নের উপর মতামত প্রদান এবং অনুবেদনাধীন কর্মকর্তা সম্পর্কে সার্বিক ও চূড়ান্ত মূল্যায়ন। | প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষ |
| ৮ম অংশ | ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষ কর্তৃক পূরণীয়। | সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ/ অধিদপ্তর/ দপ্তর এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা। |

১২.৪ অনুমোদিত স্বাস্থ্য কর্মকর্তা*

| অনুবেদনাধীন কর্মকর্তাদের অবস্থান | পদমর্যাদা | স্বাস্থ্য কর্মকর্তা |
|----------------------------------|-------------------------------|---|
| সিটি কর্পোরেশন | যুগ্ম সচিব ও তদূর্ধ্ব | মেডিক্যাল কলেজের একজন অধ্যাপক (কলেজের অধ্যক্ষ/সুপারিনটেন্ডেন্টকে জানাতে হবে।) |
| | সকল ১ম শ্রেণীর গেজেটেড অফিসার | মেডিক্যাল কলেজের একজন সহযোগী অধ্যাপক (কলেজের অধ্যক্ষ/ সুপারিনটেন্ডেন্টকে জানাতে হবে।) |
| জেলা ও উপজেলা সদর দপ্তর | সকল ১ম শ্রেণীর গেজেটেড অফিসার | জেলার সিভিল সার্জন/ডেপুটি সিভিল সার্জন |

- সচিব/অতিরিক্ত সচিব/যুগ্ম সচিবের ক্ষেত্রে এক্সরে ও ইসিজি প্রতিবেদন অন্তর্ভুক্ত হবে।
- অনুবেদনাধীন কর্মকর্তা স্বাস্থ্য পরীক্ষা অনুবেদনের বিষয়ে আপত্তি উপস্থাপন করলে স্বাস্থ্য সার্ভিসের মহাপরিচালক কর্তৃক তদুদ্দেশ্যে গঠিত মেডিক্যাল বোর্ডের নিকট উক্ত অনুবেদন উপস্থাপন করা হবে।

একজন কর্মকর্তার স্বাস্থ্যগত যোগ্যতা (ফিটনেস) নিম্নোক্তভাবে নিরূপিত হবে

- (ক) 'ক' শ্রেণী : একজন কর্মকর্তা কোন গুরুতর শারীরিক ত্রুটির কারণে নিশ্চিতভাবে অক্ষম হয়ে পড়েন নাই।
- (খ) 'খ' শ্রেণী : একজন কর্মকর্তা কোন গুরুতর শারীরিক অসুবিধায় ভুগিতেছে যা তাকে আংশিকভাবে অক্ষম করেছে। কিন্তু তিনি বিশেষ ধরনের কর্ম যেমন বসিয়া করতে পারে এমন কর্ম সম্পাদনে সক্ষম।
- (গ) 'গ' শ্রেণী : একজন কর্মকর্তা সম্পূর্ণভাবে অক্ষম।

১২.৫ গোপনীয় অনুবেদন ফরম পূরণ, লিখনসহ অনুস্বাক্ষর ও প্রতিস্বাক্ষরকরণ সংক্রান্ত অনুসরণীয় নিয়মাবলী

নিকটতম উর্ধ্বতন কর্মকর্তা অনুবেদনের সূচনা করবেন এবং অনুবেদনকারী কর্মকর্তার উপরস্থ কর্মকর্তা প্রতি স্বাক্ষর করবেন। অনুবেদনাধীন কর্মকর্তার সহিত অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী উভয়েরই সংশ্লিষ্ট থাকতে হবে।

অনুবেদনাধীন কর্মকর্তার জন্য অনুসরণীয় (কভার পৃষ্ঠা, ১ম ও ২য় অংশ)

- অনুবেদন দুই প্রস্থে পূরণ করে উভয় কপিতে যথাস্থানে স্বাক্ষর ও নাম পদবীসহ সীলমোহর দিতে হবে এবং বামে তারিখ দিতে হবে, যা অনুবেদন দাখিলের তারিখ হিসেবে গণ্য হবে।
- কভার পৃষ্ঠায় বার্ষিক এর ক্ষেত্রে বৎসর এবং আংশিক বা বিশেষ এর ক্ষেত্রে সুনির্দিষ্টভাবে সময়কাল লিখতে হবে;
- ২য় অংশের উপরে গোপনীয় অনুবেদন মেয়াদের কর্মস্থলের নাম ও মেয়াদ সুনির্দিষ্টভাবে লিখতে হবে। কোন ক্রমিকের তথ্য প্রযোজ্য না হলে 'প্রযোজ্য নয়' লিখতে হবে। ১৪ নং ক্রমিকে অনুবেদনকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে অনুবেদনাধীন কর্মকর্তার প্রকৃত কর্মকাল সুনির্দিষ্টভাবে লিখতে হবে। ইতোমধ্যে অনুবেদনাধীন কর্মকর্তার কর্মস্থল/পদবী পরিবর্তন হলে বর্তমান পদবী ও কর্মস্থলের সাথে আবশ্যিকভাবে প্রাক্তন পদবী ও কর্মস্থল লিখতে হবে।

অনুবেদনকারী কর্মকর্তার অনুসরণীয় (৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ অংশ)

- ✓ ২য় অংশের ১৪ নং ক্রমিকে তীর নিয়ন্ত্রণে অনুবেদনাধীন কর্মকর্তার প্রকৃত মেয়াদ এবং অন্যান্য সন্নিবেশিত তথ্য সঠিক নিশ্চিত হবেন;
- ✓ ৩য় ও ৪র্থ অংশের অনুস্বাক্ষরিত ঘরগুলোর নম্বরের যোগফলই হবে প্রদত্ত নম্বর। প্রদত্ত মোট নম্বর অংকে ও কথায় লিখতে হবে।
- ✓ ৫ম অংশের লেখচিত্রে অনুবেদনাধীন কর্মকর্তা সম্পর্কে ৩য় ও ৪র্থ অংশে প্রতিফলিত হয়নি এমন বিষয় (যদি থাকে) উল্লেখ করবেন;
- ✓ ৬ষ্ঠ অংশের ০১ নং ক্রমিকের 'ক অনুচ্ছেদে' অনুবেদনকারী কর্মকর্তা অনুবেদনাধীন কর্মকর্তার যোগ্যতা, প্রবণতা ও বিশেষ দক্ষতার ভিত্তি কোন নির্দিষ্ট ধরনের কাজে তীর উপযুক্ততা বা আগ্রহ রয়েছে সেই সম্পর্কে মন্তব্য করবেন। 'ক অনুচ্ছেদে' এর ১ নং উপানুচ্ছেদে 'নৈতিক' বলতে কর্মকর্তার চারিত্রিক বৈশিষ্ট্য সংশ্লিষ্ট, ২ নং উপানুচ্ছেদে 'বুদ্ধিবৃত্তিক' বলতে মেধা ও যোগ্যতা সংশ্লিষ্ট এবং ৩ নং উপানুচ্ছেদে 'বৈষয়িক' বলতে আর্থিক ও বিষয়-সম্পদ সংশ্লিষ্ট সততা ও সুনাম উল্লেখ করতে হবে। 'গ অনুচ্ছেদে' এর ক্ষেত্রে প্রয়োজন মনে করলে দেশে বা বিদেশে সুনির্দিষ্ট প্রশিক্ষণ কোর্সের জন্য সুপারিশ করা যেতে পারে;
- ✓ ৩য় থেকে ৬ষ্ঠ অংশে পূরণ করে নির্ধারিত স্থানে আবশ্যিকভাবে নাম, পদবী, সীলমোহর, তারিখসহ স্বাক্ষর, পরিচিতি নম্বর (যদি থাকে) লিখবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রাক্তন পদবী উল্লেখ করতে হবে।

প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার জন্য অনুসরণীয় (৭ম অংশ)

- প্রতিবেদনকারী কর্মকর্তার কোন মন্তব্য ভুল অথবা কোন মন্তব্যের বিষয়ে সম্পূর্ণ একমত না হলে, ৭ম অংশে প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা নির্ধারিত স্থানে নিজস্ব মতামত লিখবেন।
- অনুবেদনকারী কর্মকর্তার মন্তব্যসমূহ মূল্যায়ন করে ৭ম অংশে প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা নিজস্ব মতামত লিখবেন এবং সামগ্রিক মূল্যায়নের ভিত্তিতে মোট নম্বরের প্রাপ্যতা অংকে ও কথায় লিখবেন। অন্যথায় অনুবেদনকারী কর্তৃক প্রদত্ত মোট নম্বর গণনায় আসবে;
- ৭ম অংশের শেষে নির্ধারিত স্থানে আবশ্যিকভাবে নাম, পদবী, সীলমোহর, তারিখসহ স্বাক্ষর, পরিচিতি নম্বর (যদি থাকে) লিখবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রাপ্তন পদবী উল্লেখ করতে হবে।

১২.৬ অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষের অবর্তমানে গোপনীয় অনুবেদন লিখন

- ❖ নিম্নলিখিত কারণসমূহ বিদ্যমান থাকিলে প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষ অনুবেদনাধীন কর্মকর্তার গোপনীয় অনুবেদন লিখতে পারবেন। এ ক্ষেত্রে প্রতিস্বাক্ষরের প্রয়োজন হবে না।
 ১. মৃত্যুবরণ করলে;
 ২. কারাগারে আটক থাকলে;
 ৩. সাময়িকভাবে বরখাস্ত বা অপসারিত হলে;
 ৪. চাকুরী হতে বরখাস্ত হলে;
 ৫. চাকুরী হতে পদত্যাগ করলে;
 ৬. নিরুদ্দেশ থাকলে; এবং
 ৭. গোপনীয় অনুবেদন দাখিলের জন্য নির্ধারিত সময়ের সর্বশেষ তারিখের পরবর্তী ০৩ (তিন) মাসের অধিককাল বিদেশে অবস্থান করলে।
- ❖ উল্লিখিত কারণসমূহ প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষের ক্ষেত্রে ঘটিলে প্রতিস্বাক্ষরের প্রয়োজন হবে না।
- ❖ উল্লিখিত কারণসমূহ অনুস্বাক্ষরকারী ও প্রতিস্বাক্ষরকারী উভয় কর্তৃপক্ষের ক্ষেত্রে ঘটিলে বা দেখা দিলে বা বিদ্যমান থাকলে অনুবেদনাধীন কর্মকর্তা গোপনীয় অনুবেদন দাখিল থেকে অব্যাহতি পাবেন। তবে এরূপ ক্ষেত্রে অনুবেদনাধীন কর্মকর্তাকে যথাসময়ে যথাযথ তথ্যসহ ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষকে লিখিতভাবে জানাতে হবে। অব্যাহতি প্রাপ্ত বছর বা সময়ের জন্য গড় নম্বর প্রদান করা যাবে বা করতে হবে।

যে সকল ক্ষেত্রে গোপনীয় অনুবেদন প্রতিস্বাক্ষরের প্রয়োজন হইবে না

১. অনুস্বাক্ষরকারী কর্তৃপক্ষ রাষ্ট্র প্রধান বা সরকার প্রধান হওয়ার ক্ষেত্রে;
২. অনুস্বাক্ষরকারী কর্তৃপক্ষ কোন সাংবিধানিক পদে নিয়োজিত ব্যক্তি হইলে;
৩. সচিব/ভারপ্রাপ্ত সচিব এর প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তিবর্গের একান্ত সচিব এর ক্ষেত্রে;
৪. মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/সমপর্যায়ের ব্যক্তিবর্গের একান্ত সচিবদের ক্ষেত্রে;
৫. মন্ত্রীপরিষদ সচিব/মুখ্য সচিব কর্তৃক অনুস্বাক্ষরিত গোপনীয় অনুবেদনের ক্ষেত্রে।

যে সকল ক্ষেত্রে গোপনীয় অনুবেদন প্রযোজ্য হইবে না

নিম্নবর্ণিত ক্ষেত্রে গোপনীয় অনুবেদন প্রযোজ্য হইবে না। তবে সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক বিষয়গুলি লিখিতভাবে অফিস আদেশের কপিসহ ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষকে আবশ্যিকভাবে অবহিত করিতে হইবে। যথা-

- বুনিয়াদি এবং বিভাগীয় প্রশিক্ষণকালীন;
- বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সংযুক্ত নয়) থাকাকালীন;
- লিয়েন এ থাকাকালীন;
- সাময়িক বরখাস্ত থাকাকালীন;
- দেশের অভ্যন্তরে বা বিদেশে শিক্ষা ছুটিতে থাকাকালীন;
- দেশের অভ্যন্তরে বা বিদেশে প্রেষণে প্রশিক্ষণ/অধ্যয়নকালীন।

১২.৭ বিলম্বে গোপনীয় অনুবেদন দাখিল, অনুস্বাক্ষরসহ লিখন ও প্রতিস্বাক্ষরকরণের ক্ষেত্রে করণীয়

- প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট অনুবেদনাধীন কর্মকর্তা, অনুবেদনকারী এবং প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার অসদাচরণ হিসেবে গণ্য হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

- অনুবেদনাধীন কর্মকর্তা নির্ধারিত সময়ের ০১ বৎসর পর অনুবেদনকারী কর্মকর্তার নিকট গোপনীয় অনুবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল হিসেবে গণ্য হবে। এইরূপ গোপনীয় অনুবেদন অনুস্বাক্ষর/প্রতি স্বাক্ষর করা যাবে না এবং অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষ কর্তৃক বিষয়টি উল্লেখ করে অনুস্বাক্ষর/প্রতি স্বাক্ষর বিহীন অবস্থায় ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন।
- অনুবেদনাধীন কর্মকর্তা নির্ধারিত সময়ের মধ্যে অনুবেদনকারী কর্মকর্তার নিকট গোপনীয় অনুবেদন দাখিল করা হলে অনুস্বাক্ষরকারী বা প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের ০১ বৎসরের পর ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হলে তা সরাসরি বাতিল হিসেবে গণ্য হবে। এ ক্ষেত্রে অনুবেদনাধীন কর্মকর্তার কোন ত্রুটি না থাকলে কর্মকর্তাকে অব্যাহতি পূর্বক গড় নম্বর প্রদান করতে হবে।

বিরূপ মন্তব্য

গোপনীয় অনুবেদন ফরমের ৩য় ও ৪র্থ অংশের কোন ক্রমিকের বিপরীতে প্রাপ্ত নম্বর ০১ হলে তা বিরূপ মন্তব্য হিসেবে গণ্য হবে। মোট প্রাপ্ত নম্বর ৪০ বা তদনিম্ন অর্থাৎ চলতি মানের নিম্নে হলে তা বিরূপ মন্তব্য হিসেবে গণ্য হবে। বিরূপ মন্তব্য করার ক্ষেত্রে কারণ ও প্রয়োজনীয় তথ্যপ্রমাণ সংযুক্ত/লিপিবদ্ধ করতে হবে।

বিরূপ মন্তব্য বহাল থাকলে চাকুরী স্থায়ীকরণ, সিলেকশন গ্রেড প্রদান, পদোন্নতি, পদায়ন, বৈদেশিক নিয়োগ ইত্যাদি বাধাগ্রস্ত হবে/স্থগিত থাকবে।

বিরূপ মন্তব্য প্রদানের পূর্বে অনুবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষের করণীয়

১. অনুবেদনাধীন কর্মকর্তাকে তীর দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে অব্যাহতভাবে মৌখিক/লিখিত নির্দেশনা ও পরামর্শ প্রদান আবশ্যিকীয় কর্তব্য। বিরূপ মন্তব্য সুনির্দিষ্ট এবং সুস্পষ্ট হতে হবে।
২. অনুবেদনকারী প্রদত্ত বিরূপ মন্তব্যের বিষয়ে যদি প্রতিস্বাক্ষরকারী একমত পোষণ না করেন তবে তিনি কারণ উল্লেখপূর্বক তা খণ্ডন করতে পারবেন এবং এ ক্ষেত্রে প্রতিস্বাক্ষরকারীর মন্তব্য ও প্রদত্ত নম্বরই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।
৩. বিরূপ মন্তব্য প্রদানের ক্ষেত্রে অনুবেদনকারী ও প্রতিস্বাক্ষরকারী নিরপেক্ষতা, বস্তুনিষ্ঠতা ও সংগতি বজায় রাখবেন।
৪. বিরূপ মন্তব্যের জন্য যথাযথ নির্দেশনা অনুসরণ না করা হলে তা কার্যকর হবে না।

বিরূপ মন্তব্যের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ

১. ডোসিয়ার হেফাজতকারী কর্তৃপক্ষ কর্মকর্তাগণের এসিআর প্রাপ্তির পর তা যাচাই-বাছাই করবেন এবং উপসচিব/সমপর্যায় বা তদনিম্ন বা সমপর্যায়ের অনুবেদনাধীন কর্মকর্তা সম্পর্কে বিরূপ মন্তব্য নির্ধারণপূর্বক তা প্রক্রিয়াকরণ করবেন।
২. যুগ্মসচিব বা সমপর্যায় ও তদুর্ধ্ব বা সমপর্যায়ের কর্মকর্তাগণের এসিআর বিরূপ হিসেবে প্রাথমিকভাবে চিহ্নিত মন্তব্য প্রকৃতই বিরূপ হিসেবে গণ্য করা হবে কিনা তা সুপিরিয়র সিলেকশন বোর্ড (এসএসবি) নির্ধারণ করবে। এসএসবি'র সিদ্ধান্তের ভিত্তিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বিরূপ মন্তব্য অবলোপন বা বহাল রাখবে।

বিরূপ মন্তব্য প্রক্রিয়াকরণের ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশাবলী

১. গোপনীয় অনুবেদন প্রাপ্তির ০৩ মাসের মধ্যে উপসচিব বা সমপদমর্যাদার একজন কর্মকর্তার স্বাক্ষরে শুধু বিরূপ মন্তব্য সংশ্লিষ্ট অংশ উদ্ধৃত করে আধা-সরকারি (ডিও) পত্রের মাধ্যমে অনুবেদনাধীন কর্মকর্তাকে জানাতে হবে;
২. অনুবেদনাধীন কর্মকর্তা পত্র প্রাপ্তির ৩০ দিনের মধ্যে জবাব দাখিল করবেন। নির্ধারিত সময়ের মধ্যে জবাব দাখিল না করা হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব চূড়ান্ত সিদ্ধান্ত নিবেন;
৩. মন্ত্রণালয়/বিভাগ/নিয়োগকারী কর্তৃপক্ষ সর্বোচ্চ ১৫ দিনের মধ্যে অনুবেদনাধীন কর্মকর্তার জবাবের উপর বিরূপ মন্তব্যকারী কর্তৃপক্ষের মন্তব্য/মতামতের জন্য পত্র প্রেরণ করবে;
৪. বিরূপ মন্তব্যকারী কর্তৃপক্ষ পত্র প্রাপ্তির ৩০ দিনের মধ্যে বিরূপ মন্তব্যের বিষয়ে মতামত দাখিল করবেন;
৫. মতামত প্রাপ্তির ৩০ দিনের মধ্যে অথবা মতামত না পাওয়ার ক্ষেত্রে অনুচ্ছেদ-৪ বর্ণিত সময়সীমা অতিক্রমের ৩০ দিনের মধ্যে মন্ত্রণালয়/বিভাগের অনুমোদনক্রমে বিরূপ মন্তব্য বহাল/অবলোপনের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। তবে একই প্রতিবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে পরপর একাধিক গোপনীয় অনুবেদনে বিরূপ মন্তব্য করা হলে সিদ্ধান্ত গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক তদন্ত করতে হবে;
৬. চূড়ান্ত সিদ্ধান্ত ০৭ কর্মদিবসের মধ্যে অনুবেদনাধীন কর্মকর্তাকে জানাতে হবে এবং ডোসিয়ারে অন্তর্ভুক্ত করতে হবে।

বিরূপ মন্তব্যের স্থায়িত্ব

- বিরূপ মন্তব্য সততা ও সুনাম সম্পর্কিত হলে তা বহালের তারিখ হতে পরবর্তী ০৫ বৎসর পর্যন্ত কার্যকর থাকবে। অন্যান্য ক্ষেত্রে ০৩ বৎসর পর্যন্ত কার্যকর থাকবে।

গোপনীয় অনুবেদন লিখিবার কতিপয় বিশেষ বিধান

- প্রধানমন্ত্রীর কার্যালয় এবং অধীনস্থ সংস্থায় (যেখানে সংস্থা প্রধান সচিব বা সচিব পদ মর্যাদার নীচে) কর্মরত যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের গোপনীয় অনুবেদন প্রতি স্বাক্ষর করিবেন প্রধানমন্ত্রীর পক্ষে তাঁহার কার্যালয়ের মুখ্য সচিব।
- রাষ্ট্রপতি/প্রধানমন্ত্রীর অধীনস্থ মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীনস্থ সংস্থায় কর্মরত যুগ্মসচিব ও তদূর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাদের গোপনীয় অনুবেদন অনুস্বাক্ষর/প্রতি স্বাক্ষর করিবেন স্ব-স্ব মন্ত্রণালয় /বিভাগের সচিব।
- অবসরগ্রহণ/চুক্তিভিত্তিক নিয়োজিত কোন কর্মকর্তা অবসরগ্রহণ বা চুক্তির মেয়াদ শেষ হইবার দিন হইতে পরবর্তী এক বৎসর পর্যন্ত কোন কর্মকর্তার গোপনীয় অনুবেদন অনুস্বাক্ষর /প্রতি স্বাক্ষর করিতে পারিবেন। অনুরূপভাবে কর্মকাল শেষে রাষ্ট্রপতি/প্রধানমন্ত্রী/মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/সমমর্যাদা সম্পন্ন ব্যক্তিবর্গের এবং সাংবিধানিক পদে কর্মরত ব্যক্তির ক্ষেত্রেও একই বিধান প্রযোজ্য হইবে।
- বিদেশে বাংলাদেশ দূতাবাসসমূহের বিভিন্ন উইং-এ কর্মরত পররাষ্ট্র ক্যাডার ব্যতীত অন্যান্য ক্যাডারের কর্মকর্তাদের গোপনীয় অনুবেদন দূতাবাস/মিশন প্রধান অনুস্বাক্ষর করিবেন এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব/ভারপ্রাপ্ত সচিব উক্ত গোপনীয় অনুবেদন প্রতি স্বাক্ষর করিবেন। যেই সকল মিশন বা দূতাবাসে চার্জ দ্য এ্যাফেয়ার্স দায়িত্বে থাকিবেন তাঁহারা কোন গোপনীয় অনুবেদন লিখিবেন না। সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব/ভারপ্রাপ্ত সচিব কর্মকর্তাগণের গোপনীয় অনুবেদনে কারণ উল্লেখ করিয়া অনুস্বাক্ষর করিবেন এবং এই ক্ষেত্রে প্রতি স্বাক্ষর প্রয়োজন হইবে না।
- মন্ত্রণালয় বা বিভাগের নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তর/সংস্থা/প্রকল্পের প্রধানগণের গোপনীয় অনুবেদন মন্ত্রণালয়/বিভাগের সচিব/ভারপ্রাপ্ত সচিব অনুস্বাক্ষরসহ লিখিবেন এবং প্রতি স্বাক্ষর করিবেন মন্ত্রণালয় /বিভাগের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী বা সম পদমর্যাদা সম্পন্ন ব্যক্তিবর্গ।
- সুপারনিউমারী পদ সৃজনের ফলে উন্নীত অধিশাখা সমূহের প্রশাসনিক কর্মকর্তাদের এসিআর অনুস্বাক্ষর করার পাশাপাশি প্রতি স্বাক্ষর করবেন সংশ্লিষ্ট উপসচিবগণ। এক্ষেত্রে প্রতিস্বাক্ষরের জন্য যুগ্ম-সচিব সমীপে উপস্থাপনের প্রয়োজন নেই [জ.প্রশা.মন্ত্র.সিআর-৩ শাখার পত্র নং-০৫.১০২.০২২.০০.০০.০০১.২০০৬-১৭, তারিখ: ১২/০৫/২০১১]।

১২.৮ গোপনীয় অনুবেদন সম্পর্কিত প্রশাসনিক সোপান

| অনুবেদনাধীন কর্মকর্তা | অনুবেদনকারী কর্তৃপক্ষ | প্রতিস্বাক্ষরকারী কর্তৃপক্ষ |
|---|--|---|
| প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রটোকল অফিসার | প্রধানমন্ত্রীর কার্যালয়ের সচিব | মাননীয় প্রধানমন্ত্রী |
| মাননীয় প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব ও এসাইনমেন্ট অফিসার | মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১ | মাননীয় প্রধানমন্ত্রী |
| সহকারী একান্ত সচিব (সরকারী ১ম শ্রেণীর কর্মকর্তা) | সংশ্লিষ্ট একান্ত সচিব | সংশ্লিষ্ট মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/ সমমর্যাদা সম্পন্ন ব্যক্তিবর্গ |
| মন্ত্রণালয়/বিভাগের সচিবগণের এসিআর লিখতে হয় না। শুধুমাত্র বাৎসরিক ডাক্তারি পরীক্ষার দুই প্রস্থ প্রতিবেদন জমা দিতে হয়। | | |
| অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (ভারপ্রাপ্ত সচিব) | মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী | প্রতিস্বাক্ষরের প্রয়োজন নাই |

| | | |
|--|------------------------------------|--|
| অতিরিক্ত সচিব | সচিব/ভারপ্রাপ্ত সচিব | মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রী |
| যুগ্মসচিব | সচিব/ভারপ্রাপ্ত সচিব/অতিরিক্ত সচিব | মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী/ প্রতিমন্ত্রী/ উপমন্ত্রী এবং মন্ত্রণালয়/বিভাগের সচিব/ ভারপ্রাপ্ত সচিব |
| উপসচিব | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব | সচিব/ভারপ্রাপ্ত সচিব |
| সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব | উপসচিব | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব |
| সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান/গবেষণা কর্মকর্তা | উপসচিব/উপ-প্রধান | অতিরিক্ত সচিব/যুগ্মসচিব/যুগ্মপ্রধান |
| বিভাগীয় কমিশনার | মন্ত্রীপরিষদ সচিব | প্রতিস্বাক্ষরের প্রয়োজন নাই |
| জেলা প্রশাসক | বিভাগীয় কমিশনার | মন্ত্রীপরিষদ সচিব |
| অতিরিক্ত জেলা প্রশাসক | জেলা প্রশাসক | বিভাগীয় কমিশনার |
| উপজেলা নির্বাহী অফিসার | জেলা প্রশাসক | বিভাগীয় কমিশনার |
| উপপরিচালক | অতিঃপরিচালক/পরিচালক | অতিঃমহাপরিচালক/মহাপরিচালক |
| সিনিয়র সহকারী কমিশনার /সহকারী কমিশনার | অতিরিক্ত জেলা প্রশাসক | জেলা প্রশাসক |
| সহকারী কমিশনার (ভূমি) | উপজেলা নির্বাহী অফিসার | অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) |
| সহকারী পরিচালক | উপপরিচালক | অতিঃপরিচালক/পরিচালক/অতিরিক্ত মহাপরিচালক |

[ডকুমেন্টটি ২৩ সেপ্টেম্বর ২০১২ খ্রিঃ তারিখে জারিকৃত এসিআর ফরম পূরণ, অনুস্বাক্ষরসহ লিখন এবং প্রতি স্বাক্ষর ও সংরক্ষণ সংক্রান্ত অনুরোধসমূহ এবং সময় সময়ে জারিকৃত নির্দেশনার উপর ভিত্তি করে প্রস্তুত করা হয়েছে।]

নোট- এসিআর সংক্রান্ত উপর্যুক্ত ডকুমেন্টটি জনাব মোঃ আব্দুস সালাম, সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন) প্রস্তুত করে সংকলিত করার অনুমতি প্রদান করায় সংকলক তাঁর কাছে গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছে।

বিটিসিএলের বাসায় বসবাসকারীদের বাসা ভাড়া সংক্রান্ত বিষয়াদি

১৩.১ বাসা ভাড়া ও অন্যান্য কর্তন জমার নমুনা আবেদনপত্র।

বরাবর

উপ-মহাব্যবস্থাপক

ইমারত সংরক্ষণ বিভাগ-২

বিটিসিএল, মহাখালী, ঢাকা।

বিষয়: বাসা ভাড়া ও অন্যান্য কর্তন জমা প্রদান (জুলাই, ২০১-- হতে জুন, ২০১-- পর্যন্ত)।

নিম্নস্বাক্ষরকারী কড়াইলস্থ বিটিসিএল কলোনীর এডিই হোস্টেলের স্যুট নং- --- (দুই কক্ষ বিশিষ্ট)-এ বসবাস করেন। আমি উক্ত স্যুটের জুলাই, ২০১-- হতে জুন, ২০১-- পর্যন্ত মাসের ভাড়া ও অন্যান্য কর্তন বাবদ উপ-মহাব্যবস্থাপক, ইমারত সংরক্ষণ বিভাগ-২, ইমারত সংরক্ষণ বিভাগ-২, বিটিসিএল, মহাখালী, ঢাকা এর অনুকূলে এর অনুকূলে ----- (কথায়: -----) টাকার Account Payee চেক (-----ব্যাংকের -----খ্রিঃ তারিখের চেক নম্বর -----) জমা দিলাম।

| মাসের নাম | ২০১৭-২০১৮ অর্থ বৎসরে মূল বেতন | বাসা ভাড়া (মূলবেতনের ১৭.৫%) | গ্যাস | পানি ও পয়ঃপ্রণালী | পৌর কর | মোট প্রদেয় |
|----------------|-------------------------------|------------------------------|-------|--------------------|--------|---------------------|
| (১) | (২) | (৩)=(২)X১৭.৫% | (৪) | (৫) | (৬) | (৭)=(৩)+(৪)+(৫)+(৬) |
| জুলাই/১৭ | | | | | | |
| আগস্ট/১৭ | | | | | | |
| সেপ্টেম্বর/১৭ | | | | | | |
| অক্টোবর/১৭ | | | | | | |
| নভেম্বর/১৭ | | | | | | |
| ডিসেম্বর/১৭ | | | | | | |
| জানুয়ারী/১৮ | | | | | | |
| ফেব্রুয়ারী/১৮ | | | | | | |
| মার্চ/১৮ | | | | | | |
| এপ্রিল/১৮ | | | | | | |
| মে/১৮ | | | | | | |
| জুন/১৮ | | | | | | |
| সর্বমোট= | | | | | | |
| কথায়: ----- | | | | | | |

প্রাপ্তি স্বীকার পূর্বক অর্থ-বছর ভিত্তিক প্রত্যয়ন পত্র ইস্যুর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ----- ব্যাংকের চেক নম্বর ----- তারিখ:-----খ্রিঃ।

(-----নাম-----)

পদবী

টেলিযোগাযোগ অধিদপ্তর

মোবাইল ফোন: -----

পদোন্নতি ও সিলেকশন গ্রেড বিষয়ক

১৪.১ পদোন্নতির জন্য ডিপিসি কমিটির বিবেচনার নিমিত্ত প্রস্তাবনার স্বপক্ষে সংক্ষিপ্ত বিবরণীর নমুনা

এস্টাব্লিশমেন্ট ম্যানুয়েল (ভলিউম-১) এর পৃষ্ঠা ৫৯১-৫৯৩ অনুযায়ী পদোন্নতির জন্য প্রযোজ্য ছকের সমর্থনে একটি বিবরণী থাকা বাঞ্ছনীয়। নিচে একটি নমুনা দেখানো হলো:

টেলিযোগাযোগ অধিদপ্তরের বিসিএস (টেলিযোগাযোগ) ক্যাডারের বিভাগীয় প্রকৌশলী/বিভাগীয় প্রকৌশলী ইঞ্জিঃ পদে (গ্রেড-৫) পদোন্নতির জন্য ডিপিসি কমিটির বিবেচনার নিমিত্ত প্রস্তাবনার স্বপক্ষে সংক্ষিপ্ত বিবরণী।

১। বিসিএস (টেলিযোগাযোগ) ক্যাডারের বিভাগীয় প্রকৌশলী/উপ-পরিচালক পদে অনুমোদিত অর্গানোগ্রাম অনুযায়ী ১৩৬ টি পদ রয়েছে। এই পদগুলি জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ৫র্থ গ্রেডের এবং বেতন স্কেল টাকা ৪৩,০০০-৬৯,৮৫০/-। বর্তমানে এই পদে ১০৭ জন কর্মকর্তা কর্মরত রয়েছেন। ফলে ২৯ টি পদ শূন্য।

২। বিভাগীয় প্রকৌশলী/উপ-পরিচালক পর্যায়ে মোট পদসংখ্যার সারণী:

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রজ্ঞাপন নং- ১৪.০০.০০০০.০০৮.২২.০০২.১৩(অংশ)-২৬৭, তারিখ: ২৫/০৬/২০১৫ খ্রিঃ অনুযায়ী টেলিযোগাযোগ অধিদপ্তরের বিসিএস (টেলিযোগাযোগ) ক্যাডারের বিভাগীয় প্রকৌশলী/উপ-পরিচালক পর্যায়ে পদসংখ্যার সারণী নিম্নরূপ:

| ক্রমিক নং | পদের নাম | পদসংখ্যা |
|-----------|---|----------|
| ১। | উপ-পরিচালক [মোট ১৯ টি অনুমোদিত পদের মধ্যে ২ টি পদ অর্গানোগ্রাম অনুযায়ী উপ-পরিচালক (অর্থ), যা নন-ক্যাডার পদ। ফলে বিসিএস (টেলিযোগাযোগ) ক্যাডারের বিভাগীয় প্রকৌশলী পদ (১৯-২)=১৭ টি।] | ১৭ |
| ২। | বিভাগীয় প্রকৌশলী | ১১৯ |
| | মোট | ১৩৬ |

অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের স্মারক নং ০৭.০০.০০০০.১৬৩.১৪.০৩৪.১৪-৭৬, তারিখ: ১৬/০৪/২০১৫ খ্রিঃ -তে উপরিউক্ত পদগুলি Bangladesh Civil Service (Engineering Telecommunication) Recruitment Rules, 1981 এর তফসিলের ক্রমিক-৩ অনুযায়ী পদোন্নতি প্রদানের শর্ত উল্লেখ আছে।

৩। পদ শূন্যতার কারণ: নিম্নলিখিত কারণে ৩৪ টি পদ শূন্য হয়েছে:

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবী ও জন্ম তারিখ | পদ শূন্য হওয়ার তারিখ | পদ শূন্য হওয়ার কারণ |
|-----------|--|-----------------------|---|
| ১ | জনাব ----- সাবেক পরিচালক (চঃদাঃ), টেলিযোগাযোগ অধিদপ্তর (ডিওটি) গ্রেডেশন-২০৬৬ জন্ম তারিখ: | | |
| ২-২৯। | টেলিযোগাযোগ অধিদপ্তর সৃজনের সরকারি আদেশ নং- ১৪.০০০.০০০০.০০৮.২২০০.২.১৩ (অংশ)-২৬৭, তারিখ: ২৫-০৬-২০১৫ অনুযায়ী ৫ম গ্রেডের সৃষ্ট ১৩৬ টি ক্যাডার পদের মধ্যে বিলুপ্ত বিটিটিবির ১০৮ টি পদে পদোন্নতি হয়েছিল। অধিদপ্তর সৃজনের পরে অতিরিক্ত (১৩৬-১০৮)=২৮ টি | ২৫-০৬-২০১৫ | ২৮ টি শূন্য পদে এ পর্যন্ত কোন পদোন্নতি দেয়া হয়নি। |

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবী ও জন্ম তারিখ | পদ শূন্য হওয়ার তারিখ | পদ শূন্য হওয়ার কারণ |
|-----------|-----------------------------------|-----------------------|----------------------|
| | পদে এ পর্যন্ত কোন পদোন্নতি হয়নি। | | |

আরও উল্লেখ করা যায় যে, বর্তমানে পরিচালক/পরিচালক ইঞ্জিঃ (গ্রেড-৪) পর্যায়ে শূন্য ৪১ (একচল্লিশ) টি পদের বিপরীতে টেলিযোগাযোগ অধিদপ্তরের পত্র নং ১৪.৩০.০০০০.২১৬.১২.১০৬.১৬.১, তারিখ: ০৪/১২/২০১৬ খ্রিঃ মূলে নিয়মিত বিভাগীয় প্রকৌশলীগণের জন্য ৪র্থ গ্রেডের পদে পদোন্নতির প্রস্তাব পাঠানো হয়েছে। যদি নিয়মিত পরিচালক ৪১ জনকে পরিচালক/পরিচালক ইঞ্জিঃ পদোন্নতি দেয়া হয়, তবে বিভাগীয় প্রকৌশলী পর্যায়ে সর্বমোট খালি পদের সংখ্যা হবে (২৯+৪১)=৭০ (সত্তর) টি।

৪। **পদোন্নতির পূর্বশর্ত:** বিসিএস (টেলিযোগাযোগ) ক্যাডারের নিয়োগ বিধি Bangladesh Civil Service Recruitment Rules, 1981 এর Schedule-II, Part-XV [Bangladesh Civil Service (Engineering Telecommunication)] এর ক্রমিক-৩ অনুযায়ী Divisional Engineer (বিভাগীয় প্রকৌশলী) পদে পদোন্নতির শর্ত নিম্নরূপ:—

- (ক) বিসিএস (টেলিযোগাযোগ) ক্যাডারে মোট ৭ (সাত) বছর চাকুরীর অভিজ্ঞতা;
(খ) সন্তোষজনক চাকুরীর রেকর্ড।

৫। **প্রস্তাবনা:** Divisional Engineer (বিভাগীয় প্রকৌশলী) পদে পদোন্নতির পূর্বশর্ত পূরণকারী __ () জন কর্মকর্তার নাম ও প্রাসঙ্গিক তথ্য নিম্নরূপ:

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পদবী, জন্ম তারিখ ও গ্রেডেশন নং | ক্যাডারে যোগদানের তারিখ ও চাকুরীতে স্থায়ী হওয়ার তারিখ | উপ-বিভাগীয় প্রকৌশলী পদে (ফিডার পদে) পদোন্নতির তারিখ | কর্মকর্তাদের বিভাগীয়/দুর্নীতি দমন ব্যুরো বা অন্য কোন আদলতে মামলা/ তদন্ত আছে কিনা | মন্তব্য |
|-----------|--|---|--|---|--|
| ০১ | জনাব _____, বিভাগীয় প্রকৌশলী (চঃদাঃ), ডিওটি, বিটিসিএল -এ কর্মরত ১০/০৩/১৯৬৩, গ্রেডেশন-২১২৭ | ১১/১২/১৯৯১ ১৫/১২/১৯৮৩ | ২২/০১/২০০১ | না | গ্রেডেশন নং ২১২৭ এর পূর্বের কর্মকর্তাগণ বিভাগীয় প্রকৌশলী (৫ম গ্রেড) বা তদূর্ধ্ব পদে নিয়মিত পদোন্নতিপ্রাপ্ত/অবসরপ্রাপ্ত। |
| ০২ | | | | | গ্রেডেশন নং ২১২৮ হতে ২১৪৫ এর কর্মকর্তাগণ বিভাগীয় প্রকৌশলী (৫ম গ্রেড) বা তদূর্ধ্ব পদে নিয়মিত পদোন্নতিপ্রাপ্ত/অবসরপ্রাপ্ত। |
| ০৩ | | | | | গ্রেডেশন নং ২১৪৭ হতে ২১৮০ এর কর্মকর্তাগণ বিভাগীয় প্রকৌশলী (৫ম গ্রেড) বা তদূর্ধ্ব পদে নিয়মিত পদোন্নতিপ্রাপ্ত/অবসরপ্রাপ্ত। |

উপরের তালিকার ক্রমিক নং ৯, ১৬ এবং ২৪ এর কর্মকর্তাগণ লিয়েনে আছেন।

৬। **বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্য:** অনুচ্ছেদ-৫ এ পদোন্নতির জন্য প্রস্তাবিত কর্মকর্তাদের মধ্যে ক্রমিক নং-১ থেকে ৩, ৯ থেকে ৩৬, ৩৮ থেকে ৪২, ৪৪ থেকে ৪৮ এবং ৫০ থেকে ৫৩ এর কর্মকর্তার বিরুদ্ধে কোন বিভাগীয় মামলা তদন্তাধীন/চালু নেই। ক্রমিক ৪ থেকে ৮, ৩৭ এবং ৪৯ এর কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় দণ্ড প্রদান করা হয়েছে। ক্রমিক ৪৩ এর কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চলমান রয়েছে।

৭। দুর্নীতি সম্পর্কিত তথ্য: অনুচ্ছেদ-৫ এ পদোন্নতির জন্য প্রস্তাবিত কর্মকর্তাদের মধ্যে ক্রমিক নং-১ থেকে ১৩ এবং ১৫ থেকে ৫৩ এর কর্মকর্তার বিরুদ্ধে দুর্নীতি দমন ব্যুরোতে কোন মামলা তদন্তাধীন/চালু নেই। ক্রমিক নং -১৪ এর কর্মকর্তার বিরুদ্ধে দুর্নীতি দমন কমিশন কর্তৃক চার্জশীট দাখিল করা হয়েছে।

৮। বিসিএস (টেলিযোগাযোগ) ক্যাডারে বিভাগীয় প্রকৌশলী / বিভাগীয় প্রকৌশলী ইঞ্জিঃ পদে অনুচ্ছেদ-৫ এ বর্ণিত কর্মকর্তাদের মধ্য থেকে শূন্য পদগুলি পদোন্নতির মাধ্যমে পূরণের প্রস্তাব বিভাগীয় পদোন্নতির কমিটির সদয় বিবেচনার জন্য উপস্থাপন করা যায়।

১৪.২ কর্মচারীদের পদোন্নতির জন্য ডিপিএসি কমিটির বিবেচনার নিমিত্ত কার্যপত্রের নমুনা

আলোচ্য সূচী -১: জাতীয় বেতন স্কেল'২০০৯ অনুযায়ী টেলিযোগাযোগ অধিদপ্তর [বিলুপ্ত বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড (বিটিটিবি)]-এর ২১(একুশ) জন প্রেষণে বিটিসিএলে কর্মরত তৃতীয় শ্রেণীর কর্মচারীর টাইমস্কেল প্রদান।

টেলিযোগাযোগ অধিদপ্তর [বিলুপ্ত বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড (বিটিটিবি)]-এর আওতাধীন কনিষ্ঠ হিসাব রক্ষক পদটি জাতীয় বেতন স্কেল'২০০৯ এর ১১তম গ্রেডের ৬৪০০-১৪২৫৫/- টাকার স্কেলের রাজস্ব খাতভুক্ত স্থায়ী পদ। উক্ত স্কেলে কর্মরত ২১ (একুশ) জন প্রেষণে বিটিসিএলে কর্মরত তৃতীয় শ্রেণীর কর্মচারী ১ম টাইম স্কেল পাওয়ার যোগ্যতা অর্জন করেছেন।

(ক) অর্থ বিভাগের এস, আর, ও ২২৫ আইন/২০০৯/অম/অবি/(বাস্তঃ-১)/জাঃ বেঃ স্কেল-১/২০০৯/২৩২, তারিখ ০২/১২/২০০৯-এর ৭(১) এর বিধান (সংলাগ-২) নিম্নরূপঃ

৭(১) “ জাতীয় বেতন স্কেল, ২০০৯ এর টাকা ৪১০০-৭৭৪০(২০নংগ্রেড) হইতে টাকা ৮০০০-১৬৫৪০/(১০ নং গ্রেড) বেতনস্কেল বিশিষ্ট পদের আওতাভুক্ত নন-গেজেটেড সরকারি কর্মচারীগণ একই অথবা সমপর্যায়ের পরস্পর বদলিযোগ্য পদে ৮, ১২ ও ১৫ বৎসর চাকরি পূর্তি এবং চাকরির সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে ও এতদসংক্রান্ত প্রচলিত শর্তাদি পূরণ সাপেক্ষে, যথাক্রমে ১ম, ২য় ও ৩য় পরবর্তী উচ্চতর বেতনস্কেলে, উচ্চতর স্কেল (টাইম স্কেল) হিসাবে প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, একই কর্মচারী পদোন্নতি ব্যতীত সমগ্র চাকুরী জীবনে ৩টির অধিক টাইম স্কেল প্রাপ্য হইবেন না। আরও শর্ত থাকে যে, সিলেকশন গ্রেড স্কেল এবং উচ্চতর স্কেল (টাইম স্কেল) যুগপৎভাবে প্রদান সংক্রান্ত অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১০-১১-১৯৯৭ তারিখের অম/অবি (বাস্তঃ-৩)/টাইম স্কেল-৩/৯৬(অংশ)/৭২(২০০) নং স্মারকে বর্ণিত ব্যাখ্যা বলবত থাকিবে।”

বর্ণিত বিধি অনুসারে ৩য় শ্রেণীর কর্মচারীদেরকে টাইম স্কেল প্রদান সংক্রান্ত শর্তাদি হচ্ছে:

- (১) ৩য় শ্রেণীর পদে কর্মরত;
- (২) ১ম টাইম স্কেল প্রাপ্তির জন্য ফিডার পদে ৮ বছর চাকুরী পূর্তি।
- (৩) চাকুরীর সন্তোষজনক রেকর্ড।

(খ) প্রস্তাবিত কর্মচারীগণের চাকুরীতে ফিডার পদে যোগদানের তারিখ (কনিষ্ঠ হিসাব রক্ষক পদে), চাকুরীতে স্থায়ীকরনের তারিখ, বিভাগীয় মামলার বিবরণ, ১ম টাইম স্কেল প্রাপ্যতার তারিখ এবং কর্মচারীগণের বিগত পাঁচ বছরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন এর মূল্যায়নসহ অন্যান্য তথ্যাদি সংলাগ-১.১ এ উল্লেখ রয়েছে। টাইমস্কেল/সিলেকশন গ্রেড সংক্রান্ত অর্থ মন্ত্রণালয়ের এস, আর, ও (সংলাগ-১.২), ফিডার পদে পদোন্নতির আদেশ (সংলাগ-১.৩), বিভাগীয় মামলার প্রতিবেদন (সংলাগ-১.৪), দুর্নীতি বিষয়ক মামলার প্রতিবেদন (সংলাগ-১.৫), জ্যেষ্ঠতা তালিকা সংলাগ-১.৬ এ রক্ষিত আছে।

(গ) এমতাবস্থায়, জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী টেলিযোগাযোগ অধিদপ্তর [বিলুপ্ত বিটিটিবি]-এর ৩য় শ্রেণীর নন-গেজেটেড ২১ (একুশ) জন কর্মচারীর ফিডার পদে ৮ (আট) বছর পূর্তিতে জাতীয় বেতন স্কেল'২০০৯ এর ১০ম গ্রেডে ১ম টাইম স্কেল প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট রেকর্ডপত্র বিভাগীয় পদোন্নতি/ নিয়োগ বোর্ডের সদয় বিবেচনার জন্য উপস্থাপন করা হল।

১৪.৩ সিলেকশনগ্রেড স্কেল এবং উচ্চতর স্কেল (টাইমস্কেল) যুগপৎভাবে প্রদান সংক্রান্ত ব্যাখ্যা

| ২৫ | নিরাপত্তা কর্মকর্তা | ১ (এক)টি |
| ২৬ | সহকারী পাবলিকেশন কর্মকর্তা | ১ (এক)টি |
| ২৭ | উপ-সহকারী প্রকৌশলী (ডিপ্লোমা) | ৩৭৮ (তিন শত আটাত্তর)টি |
| ২৮ | বিভাগীয় হিসাব রক্ষক | ২৫ (পঁচিশ)টি |
| ২৯ | উর্ধ্বতন টেলিগ্রাফ মাস্টার/ টেলিগ্রাফ মাস্টার | ১৩ (তের)টি |
| ৩০ | ফোরম্যান | ৯ (নয়)টি |
| ৩১ | উর্ধ্বতন হিসাব রক্ষক | ২৪ (চব্বিশ)টি |
| ৩২ | উপসহকারী প্রকৌশলী | ৩৮ (আটত্রিশ)টি |
| ৩৩ | বিক্রিৎ ওভারসিয়ার | ৪ (চার)টি |
| ৩৪ | সহকারী ফোরম্যান | ৭ (সাত)টি |
| ৩৫ | পরীক্ষক | ১ (এক)টি |
| ৩৬ | ইএসডব্লিউটি | ৪ (চার)টি |
| ৩৭ | এস্টিমেটর | ২ (দুই)টি |
| ৩৮ | কনিষ্ঠ হিসাব রক্ষক | ৪৪ (চুয়াল্লিশ)টি |
| ৩৯ | তত্ত্বাবধায়ক/ হোস্টেল তত্ত্বাবধায়ক | ১৭ (সতের)টি |
| ৪০ | তথ্য সহকারী | ৩ (তিন)টি |
| ৪১ | সিনিয়র কম্পিউটার অপারেটর | ৭ (সাত)টি |
| ৪২ | স্টেনোগ্রাফার | ১৫ (পনের)টি |
| ৪৩ | ফটোগ্রাফার | ১ (এক)টি |
| ৪৪ | শিপিং ইন্সপেক্টর | ২ (দুই)টি |
| ৪৫ | ভান্ডার যাত্রীকারী | ৬ (ছয়)টি |
| ৪৬ | মনিটর | ৫৯ (উনষাট)টি |
| ৪৭ | চার্জম্যান | ১২ (বার)টি |
| ৪৮ | পাবলিকেশন সহকারী | ১ (এক)টি |
| ৪৯ | টিসিটি | ৫৮৮ (পাঁচ শত আটাত্তিশ)টি |
| ৫০ | ওয়্যারলেস টেলিগ্রাফিস্ট | ৪৮ (আটচল্লিশ)টি |
| ৫১ | প্রধান সহকারী | ৯২ (বিরানব্বই)টি |
| ৫২ | হেড ড্রাফটসম্যান | ৯ (নয়)টি |
| ৫৩ | কম্পিউটার অপারেটর | ৬৭ (সাতষষ্টি)টি |
| ৫৪ | বিভাগীয় ভান্ডার রক্ষক/ ভান্ডার রক্ষক | ৩ (তিন)টি |
| ৫৫ | উচ্চমান সহকারী | ৬৩৭ (ছয় শত সাইত্রিশ)টি |
| ৫৬ | স্টেনোগ্রাফার | ৬৭ (সাতষষ্টি)টি |
| ৫৭ | টোলপ্রিন্টার সহকারী | ২৩ (তেইশ)টি |

১৩/১২/১৩

| ক্রমিক | পদের নাম | বিলুপ্ত পদের সংখ্যা |
|--------|-------------------------------------|-------------------------------|
| ৫৮ | টেস্টিং টেলিগ্রাফিস্ট | ১২১ (এক শত একুশ)টি |
| ৫৯ | লাইব্রেরিয়ান | ২ (দুই)টি |
| ৬০ | সার্ভেয়ার | ১ (এক)টি |
| ৬১ | টেলিফোন পরিদর্শক | ৬৫ (পঁয়ষাট্টি)টি |
| ৬২ | টেলিফোন রাজস্ব পরিদর্শক | ১৮ (আঠারো)টি |
| ৬৩ | বয়লার এটেন্ডেন্ট | ৩ (তিন)টি |
| ৬৪ | টেলিফোন অপারেটর | ২২২২ (দুই হাজার দুইশত বাইশ)টি |
| ৬৫ | কেবল জয়েন্টার | ৭২ (বাহাওর)টি |
| ৬৬ | টিএলএস/টিপিও | ১৬৬ (একশত ছেষাট্টি)টি |
| ৬৭ | ওয়্যারলেস অপারেটর | ১৩৯ (একশত উনচল্লিশ)টি |
| ৬৮ | টেলেক্স অপারেটর | ৩৮ (আটত্রিশ)টি |
| ৬৯ | ড্রাফ্টসম্যান | ২৬ (ছাব্বিশ)টি |
| ৭০ | টিসিএম | ৪২৮ (চারশত আঠাশ)টি |
| ৭১ | লাইন পরিদর্শক | ২৮ (আঠাশ)টি |
| ৭২ | নিরাপত্তা সহকারী | ২৩ (তেইশ)টি |
| ৭৩ | মোটর মেকানিক | ১ (এক)টি |
| ৭৪ | ওয়্যার্কম্যান গ্রেড-১ | ৯০ (নব্বই)টি |
| ৭৫ | ওয়্যার্কম্যান গ্রেড-২ | ২৪৬ (দুইশত ছেচল্লিশ)টি |
| ৭৬ | ফার্মাসিস্ট/কম্পাউন্ডার | ৪ (চার)টি |
| ৭৭ | মোটর চালক | ১৬৯ (একশত উনসত্তর)টি |
| ৭৮ | মেকানিক | ১৩ (তের)টি |
| ৭৯ | এলডিএ কাম টাইপিস্ট | ৪৯১ (চারশত একানব্বই)টি |
| ৮০ | গ্রন্থাগার সরকারী | ১ (এক)টি |
| ৮১ | কনভার্জেন্স ইন্সপেক্টর | ৮ (আট)টি |
| ৮২ | সাব ইন্সপেক্টর | ৭১ (একাত্তর)টি |
| ৮৩ | ইয়ার্ড ফোরম্যান | ১ (এক)টি |
| ৮৪ | কেয়ার টেকার | ১ (এক)টি |
| ৮৫ | স্পিড/মোটর বোট ড্রাইভার | ১ (এক)টি |
| ৮৬ | ওয়্যার্ক সরকার | ৩ (তিন)টি |
| ৮৭ | রোটা প্রিন্টার অপারেটর/ টেকনিসিয়ান | ২ (দুই)টি |
| ৮৮ | স্কুটার ড্রাইভার | ২ (দুই)টি |
| ৮৯ | ইঞ্জিন ড্রাইভার | ১০ (দশ)টি |
| ৯০ | প্রধান গার্ড | ১৯ (উনিশ)টি |
| ৯১ | ডাটা এন্ট্রি অপারেটর | ৩৬ (ছত্রিশ)টি |
| ৯২ | লাইনম্যান | ৮৫৫ (আটশত পঞ্চাশ)টি |
| ৯৩ | ওয়্যারম্যান | ২৬৪ (দুইশত চৌষাট্টি)টি |
| ৯৪ | ওয়্যার্কম্যান গ্রেড-৩ | ১০০ (একশত)টি |
| ৯৫ | ইলেক্ট্রিসিয়ান | ৩ (তিন)টি |
| ৯৬ | ট্রেনার | ৭ (সাত)টি |
| ৯৭ | মিড ওয়াইফ | ১ (এক)টি |
| ৯৮ | ইয়ার্ড ইন্সপেক্টর | ১ (এক)টি |
| ৯৯ | আউটডোর সরকার | ৫ (পাঁচ)টি |
| ১০০ | পেইন্টার | ৩ (তিন)টি |

১৩/১১/১৩

| ক্রমিক | পদের নাম | বিলুপ্ত পদের সংখ্যা |
|--------|---|--------------------------|
| ১০১ | ডেসপাস রাইডার | ৩ (তিন)টি |
| ১০২ | ওয়েল্ডার | ১১ (এগারো)টি |
| ১০৩ | ডিএমও | ৮ (আট)টি |
| ১০৪ | লেদ মেশিন অপারেটর | ১ (এক)টি |
| ১০৫ | বাবুর্চি | ৯ (নয়)টি |
| ১০৬ | মাস্ট লস্কর | ৪৪ (চুয়াল্লিশ)টি |
| ১০৭ | ফিটার | ১ (এক)টি |
| ১০৮ | প্লাম্বার | ১৩ (তের)টি |
| ১০৯ | মেসন | ৩ (তিন)টি |
| ১১০ | কার্পেন্টার | ১০ (দশ)টি |
| ১১১ | লিফটম্যান | ১০ (দশ)টি |
| ১১২ | পুটআউটম্যান | ২১ (একুশ)টি |
| ১১৩ | পেকার | ৯ (নয়)টি |
| ১১৪ | ব্রু-প্রিন্টার অপারেটর | ৯ (নয়)টি |
| ১১৫ | হেড কুলি | ৯ (নয়)টি |
| ১১৬ | পাম্প চালক | ১৩ (তের)টি |
| ১১৭ | মার্কার | ২ (দুই)টি |
| ১১৮ | এইটিডব্লিউএম | ৫ (পাঁচ)টি |
| ১১৯ | দণ্ডরি | ৫ (পাঁচ)টি |
| ১২০ | হেড টেলি মেসেঞ্জার | ৫ (পাঁচ)টি |
| ১২১ | হেড সুইপার | ২ (দুই)টি |
| ১২২ | ব্যাটারিম্যান | ১০৯ (একশত নয়)টি |
| ১২৩ | এমএলএসএস | ৩৪৪ (তিনশত চুয়াল্লিশ)টি |
| ১২৪ | টাকওয়ার্ক মেসেঞ্জার/ টেলিগ্রাফ মেসেঞ্জার | ৩৮৪ (তিনশত চুরাশি)টি |
| ১২৫ | বয় মেসেঞ্জার | ৪৮ (আটচল্লিশ)টি |
| ১২৬ | গার্ড | ৭৯৮ (সাতশত আটানব্বই)টি |
| ১২৭ | লাইন লেবার | ৩৬২ (তিন শত বাষট্টি)টি |
| ১২৮ | কুলি/স্টোর কুলি | ৬৬ (ছেষট্টি)টি |
| ১২৯ | এক্সচেঞ্জ ক্লিনার/ ক্লিনার | ৩৬৮ (তিনশত আটষট্টি)টি |
| ১৩০ | সুইপার | ১১৯ (একশত উনিশ)টি |
| ১৩১ | মালি | ৬ (ছয়)টি |

০২। এতে জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থ বিভাগের সম্মতি গ্রহণ করা হয়েছে।



(ফারাহ্ গুল মিস্কুম)

সিনিয়র সহকারী সচিব

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

ফোন ৪ ৯৫৭৪৪৫২

Email: company1@ptd.gov.bd

ডিটিওটি'র ক্যাডার পদসংখ্যা নিয়ে বহল উচ্চারিত প্রশ্ন ও উত্তর*

*কাল্পনিক প্রশ্নগুলির উত্তর লেখকের নিজস্ব যুক্তি ও চিন্তার ফসল, প্রকৃত উত্তর ভবিষ্যত নির্ধারণ করবে।

প্রশ্ন ক: পর্যায়ক্রমে বিলোপযোগ্য পদগুলি কি অস্থায়ী?

উত্তর ক: মোটেই না। ২০১৫ এর প্রজ্ঞাপনে সুস্পষ্টভাবে মোট ৭৭৭৪ টি স্থায়ী পদ সৃষ্টি করা হয়েছে। এখানে পর্যায়ক্রমে বিলোপযোগ্য পদগুলি টেলিযোগাযোগ অধিদপ্তরের আওতাভুক্ত স্থায়ী রাজস্বখাতের পদ। বর্তমানে তা মোটেও বিটিটিবি বা বিটিসিএলের পদ নয়। কোন কর্মকর্তা/কর্মচারী ডেপুটেশনে বিটিসিএল বা টেলিটক বা অন্য মন্ত্রণালয়ে থাকলেই তার লিয়েন সংরক্ষিত মূল পদ মূল প্রতিষ্ঠানের বাহিরে যায় না।

প্রশ্ন খ: টেলিযোগাযোগ অধিদপ্তরে জিএম পদ বর্তমানে ১২ টি না ২৪ টি?

উত্তর খ: ২০১৫ সালের ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সর্বশেষ প্রজ্ঞাপন অনুসারে ২৪ টি।

প্রশ্ন গ: টেলিযোগাযোগ অধিদপ্তরে জিএম পদ ২৪ টি ক্যাডার কম্পোজিশন রুল ১৯৮০ তে নাই, তবে কিভাবে ২৪ টি?

উত্তর গ: ক্যাডার কম্পোজিশন রুল ১৯৮০ তে প্রভিশনাল পদের সংখ্যা জিএম পদে ১০ টি ছিল। পদের সংখ্যা প্রভিশনাল হিসাবে ঘোষিত ছিল একারণে যে, প্রয়োজনের তাগিদে পদসংখ্যা বদলানো হবে। সে মোতাবেক ১৯৮৯ এর MOPT এর প্রজ্ঞাপন অনুযায়ী জিএম/সদস্য পদে মোট ১২ টি পদ করা হয়, সে অনুসারে অনেক এসএসবি অনুষ্ঠিত হয়েছে এবং ১২ টি হিসাবে জিএম পদোন্নতি হয়েছে। ১৯৮৯ পর সর্বশেষ ২০১৫ সালে নিয়ন্ত্রণকারী টেলিযোগাযোগ বিভাগ জিএম/সদস্য পদ মোট ২৪ টি সৃষ্টি করায় বর্তমানে সন্দেহাতীত ভাবে তা ২৪ টি হবে।

প্রশ্ন ঘ: টেলিযোগাযোগ অধিদপ্তরে জিএম/ অতিরিক্ত মহাপরিচালক/ জিএম এসএস/ডিজি টিএসসি ইত্যাদি মিলে মোট পদ ২৪ টি, কিন্তু Bangladesh Civil Service Recruitment Rules,1981 এ শুধু জেনারেল ম্যানেজার আছে। তাহলে কিভাবে পদোন্নতি হবে?

উত্তর ঘ: Bangladesh Civil Service Recruitment Rules,1981 এ শুধু জেনারেল ম্যানেজার থাকলেও ১৯৮৯ এর প্রজ্ঞাপনে (সদস্য-৩ ও জেনারেল ম্যানেজার -৯ ধরে) মোট ১২ টি পদ একত্রে পদোন্নতির জন্য বিবেচিত হয়েছে। তাই বর্তমানে ২০১৫ এর প্রজ্ঞাপন জারীর পর জিএম/ অতিরিক্ত মহাপরিচালক/ জিএম এসএস/ডিজি টিএসসি ইত্যাদি মিলে মোট পদ ২৪ টি একত্রে পদোন্নতির জন্য বিবেচিত হওয়াই স্বাভাবিক এবং যুক্তিসংগত।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
কোম্পানী-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.ptd.gov.bd

Director (Admin)
১৪/১৫

স্মারক নং-১৪.০০.০০০০.০০৮.২২.০০২.১৩৯(অংশ)-৩৮৮

তারিখঃ ৩০ ডান্ড ১৪২২/ ১৪ সেপ্টেম্বর ২০১৫

বিষয়ঃ নবসৃজিত “টেলিযোগাযোগ অধিদপ্তর” এর প্রাতিষ্ঠানিক ও পরিচালন কোড বরাদ্দ প্রসঙ্গে।

সূত্রঃ অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ স্মারক নং-০৭.১০১.০১৮.০০.০০.০৪৫.২০১০.৮০, তারিখ ১০/০৯/২০১৫ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের মাধ্যমে নবসৃজিত “টেলিযোগাযোগ অধিদপ্তর” এর অনুকূলে নিয়োক্তভাবে প্রাতিষ্ঠানিক ও পরিচালন কোড বরাদ্দ করা হয়েছেঃ

| মন্ত্রণালয়/বিভাগের নাম | বিবরণ | লেভেল-২ কোড | ● লেভেল-৩ কোড (পরিচালন কোড) |
|--------------------------|----------------------|-------------|--------------------------------|
| ডাক ও টেলিযোগাযোগ বিভাগ। | টেলিযোগাযোগ অধিদপ্তর | ৫৪৫১ | ০০০১ |

০২। এমতাবস্থায়, উক্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের পত্রের ছায়ািলিপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

(ফারাহুল গুল মিঝুম)
সিনিয়র সহকারী সচিব
ফোন নং- ৯৫৭৪৪৫২
E-mail:company1@ ptd.gov.bd

মহাপরিচালক
টেলিযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-১৪.০০.০০০০.০০৮.২২.০০২.১৩৯(অংশ)-৩৮৮

তারিখঃ ৩০ ডান্ড ১৪২২/ ১৪ সেপ্টেম্বর ২০১৫

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ১। হিসাব মহানিয়ন্ত্রক বাংলাদেশ, হিসাব মহানিয়ন্ত্রক-এর কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। যুগ্ম-সচিব (প্রশাসন), ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, তার ও দুরারপনী, সেগুন বাগিচা, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(ফারাহুল গুল মিঝুম)
সিনিয়র সহকারী সচিব

নং-০৭.১০১.০১৮.০০.০০.০৪৫.২০১০-৮০

তারিখঃ ১০ সেপ্টেম্বর, ২০১৫

প্রেরকঃ উর্মি ভামানা
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক
অডিট ভবন, ৭৭/৭, কাকরাইল, ঢাকা
(দৃঃআঃ- জনাব কাজী জাহাঙ্গীর আহমেদ, সহকারী মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (হিসাব)।

বিষয়ঃ শ্রেণীবিন্যাস চার্টে নতুন প্রাতিষ্ঠানিক ও পরিচালন কোড সংযোজন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীন নবসৃজিত “টেলিযোগাযোগ অধিদপ্তর”

অনুকূলে নিয়োক্তভাবে প্রাতিষ্ঠানিক ও পরিচালন কোড প্রদান করা হলঃ

| মন্ত্রণালয়/বিভাগের নাম | বিবরণ | লেভেল-২ কোড | লেভেল-৩ কোড (পরিচালন কোড) |
|----------------------------|----------------------|----------------|------------------------------|
| ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | টেলিযোগাযোগ অধিদপ্তর | ৫৪৫১ | ০০০১ |

২। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

| | |
|-------------------------|------------|
| তারিখঃ | ১০/৯/১৫ |
| সচিবের দপ্তর | অর্থ বিভাগ |
| ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | |
| সচিব | উপ-সচিব |
| সিনিয়র সহকারী সচিব | সিঃ সঃ সঃ |
| জনসংযোগ কর্মকর্তা | |
| সচিবের একান্ত সচিব | |

আপনার বিশ্বস্ত,

Urmil Bhattacharya
(উর্মি ভামানা)

সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫২৪২৪৬

urmit@finance.gov.bd

তারিখঃ ১০ সেপ্টেম্বর, ২০১৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. হিসাব মহা-নিয়ন্ত্রক, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৩. উপ সচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (বাজেট শাখা/অধিশাখা-২৫), অর্থ বিভাগ
৪. মহাব্যবস্থাপক, একাউন্টস ও বাজেটিং ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা
৫. জনাব মোঃ মিজানুল করিম, সিনিয়র সিস্টেমস এনালিস্ট, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

Urmil Bhattacharya
(উর্মি ভামানা)
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
প্রশাসন - ১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


স্মারক নং- পিটি/শাখা-১/এম-১১/২০০৭-৮৩৭

তারিখঃ ০২ কার্তিক ১৪২২
১৭ সেপ্টেম্বর ২০১৫

বিষয় : ডিজিটাল কোড নম্বর বরাদ্দকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন নবসৃজিত “টেলিযোগাযোগ অধিদপ্তর” এর কার্যক্রম ইতিমধ্যে শুরু হয়েছে। অফিস ব্যবস্থাপনার স্বার্থে “টেলিযোগাযোগ অধিদপ্তর” এর অনুকূলে নির্দেশক্রমে নিম্নরূপ ডিজিটাল কোড নম্বর বরাদ্দ প্রদান করা হল: -

কোড নম্বর : ১৪.৩০.০০০০.০০০.০০.০০০.০০


(তাহলিমা খাতুন)
সহকারী সচিব
☎ : ৯৫৮৫০০৮

মহাপরিচালক
টেলিযোগাযোগ অধিদপ্তর
মহাপরিচালকের কার্যালয়
তেজগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ
ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২

নং-০৭.১৫২.০৯৯.০০.০০১.২০০৪- ৩৮


তারিখ : ২৪-০৮-২০১৫

পরিপত্র

বিষয় : সরকারি কাজে বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য সর্বসাকুল্য ভাতা (Comprehensive allowance) বৃদ্ধি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, অর্থ বিভাগের বিগত ০৯ অক্টোবর ২০১২ তারিখের অম/অবি/ব্যঃনিঃ-২/২(১৯)/২০০০-০৪/অংশ-১/ ২২১(১০০০) নং স্মারকের মাধ্যমে ৪নং অনুচ্ছেদের (ক) ও (খ)-এ বর্ণিত বিশেষ পর্যায়ভুক্ত ব্যক্তিবর্গ এবং ৬নং অনুচ্ছেদের (ক)-তে বর্ণিত সাধারণ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণের বিভিন্ন অঞ্চল/দেশ ভিত্তিক বৈদেশিক মুদ্রায় নির্ধারিত সর্বসাকুল্য ভাতা (Comprehensive allowance) আদেশ জারীর তারিখ থেকে ৩০% বৃদ্ধি করে নিম্নবর্ণিত হারে নির্দেশক্রমে পুনঃ নির্ধারণ করা হলো :

| কর্মকর্তার পর্যায় | বর্তমান নির্ধারিত সর্বসাকুল্য ভাতা (Comprehensive allowance) মার্কিন ডলারে | | |
|--------------------------------------|--|---------|---------|
| | গ্রুপ-১ | গ্রুপ-২ | গ্রুপ-৩ |
| (বিশেষ পর্যায়ের (ক)-(২) উপ-পর্যায়) | ৩২৮ | ২৬৩ | ২৬৩ |
| সাধারণ পর্যায় | | | |
| ক | ২৬৩ | ২১৫ | ১৯৬ |
| খ | ২৩১ | ১৯৬ | ১৭৮ |
| গ | ২১৫ | ১৭৮ | ১৬৫ |
| ঘ | ১৭৮ | ১৫০ | ১৩১ |


(বিলকিস জাহান রিমি)
উপ-সচিব
ফোন : ৯৫৭৪০০৬

বিতরণ (জ্যেষ্ঠতা অনুযায়ী নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ৩। সচিব, বাস্তবপতির সচিবালয়।
- ৪। সিনিয়র সচিব/সচিব (সকল মন্ত্রণালয়/বিভাগ)।
- ৫। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড।
- ৬। বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস/হাইকমিশনসমূহ।
- ৯। মহা-হিসাব নিরীক্ষক।
- ১০। মহা-হিসাব নিয়ন্ত্রকের দপ্তর।
- ১১। মহানিরন্ত্রকের (প্রতিরক্ষা হিসাব) দপ্তর।
- ১২। পরিচালক, নিরীক্ষা (ডাক, তার ও দূরালোপনী)/পরিচালক, নিরীক্ষা (পূর্ত, পানি ও বিজলী)/পরিচালক, নিরীক্ষা, মিশন ও ইউ.এন অডিট-এর দপ্তর।
- ১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাগণের দপ্তর।
- ১৪। সকল সরকারি পরিদপ্তর ও অধস্থান দপ্তরসমূহ।
- ১৫। সকল স্বায়ত্বশাসিত সংস্থা।
- ১৬। বাংলাদেশ ব্যাংক।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ

ব্যয় নিয়ন্ত্রণ অনুবিভাগ

শাখা-২

নং-অম/অবি/ব্যঃনিঃ-২/২(১৯)/২০০০-০৪/অংশ-১/ ২২১ (২০০০)

তারিখঃ ২৪ অক্টোবর, ২০১২খু:

২৪ আশ্বিন, ১৪১৯বাং

অফিস স্মারক

বিষয় : সরকারি কাজে বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা।

বিধিব্যাপী জীবনযাত্রার ব্যয় (হোটেল ভাড়া, যাতায়াত, খাদ্য ইত্যাদি সহ সকল দৈনন্দিন ব্যয়) উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। ফলে সরকারি কাজে বিদেশ ভ্রমণকালে বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণভাতা সহ অন্যান্য ভাতার হার পুনঃনির্ধারণ করা অত্যাবশ্যিক বিবেচনায় এ মন্ত্রণালয় কর্তৃক অক্টোবর ১৫, ২০০১ খ্রিষ্টাব্দ/আশ্বিন ৩০, ১৪০৮ বঙ্গাব্দ তারিখে জারিকৃত অবি/বিঃঅর্থ/বা-২/২(১৯)/২০০০-২০০১/৪৪(২৫০০) নম্বর স্মারকে উল্লিখিত নির্দেশাবলী ও পরবর্তীতে জারিকৃত এ সংক্রান্ত যাবতীয় নির্দেশমালা রহিতপূর্বক মন্ত্রী, জাতীয় সংসদের সদস্য, সরকারি কর্মকর্তা/কর্মচারী, বেসরকারি ব্যক্তি ও অন্যান্যদের বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধাবলী নির্দেশক্রমে নিম্নরূপে নির্ধারণ করা হলো :

২। বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভ্রমণ ভাতা নির্ধারণে সরকারি কর্মকর্তা/কর্মচারী ও অন্যান্যদেরকে নিম্নবর্ণিত কয়েকটি পর্যায়ে ভাগ করা হয়েছে :

বিশেষ পর্যায় :

- (ক) (১) জাতীয় সংসদের স্পীকার ও প্রধান বিচারপতি।
(২) কেবিনেট মন্ত্রী, ডেপুটি স্পীকার ও কেবিনেট মন্ত্রীর পদমর্যাদা সম্পন্ন ব্যক্তি।
- (খ) (১) প্রতিমন্ত্রী, সুপ্রীম কোর্টের বিচারপতি, প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশনার, পরিকল্পনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান, উপমন্ত্রী এবং অনুরূপ পদমর্যাদাসম্পন্ন ব্যক্তি।
(২) মন্ত্রিপরিষদ সচিব, মুখ্য সচিব ও সেনা/নৌ/বিমান বাহিনী প্রধান।
(৩) জাতীয় সংসদের সদস্য।
(৪) অধিক্ষেত্রাধীন এলাকার মধ্যে বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনের প্রধান যথা - রষ্ট্রদূত ও হাইকমিশনার।

সাধারণ পর্যায় :

- (ক) (১) সরকারি কর্মকর্তা যাদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ৩৫,৬০০ টাকা বা তদূর্ধ্ব।
(২) অধিক্ষেত্রাধীন এলাকার বাইরে বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনের প্রধান যথা- রষ্ট্রদূত ও হাইকমিশনার।
(৩) সরকারি প্রতিনিধি দলের বেসরকারি নেতা।
- (খ) (১) সরকারি কর্মকর্তা যাদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ২০,৩৭০ টাকা বা তদূর্ধ্ব কিন্তু ৩৫,৬০০ টাকার নিম্নে।
(২) সরকারি প্রতিনিধি দলের বেসরকারি সদস্য।
- (গ) দ্বিতীয় শ্রেণীর সরকারি কর্মকর্তা এবং তৃতীয় শ্রেণীর কর্মচারী যাদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ৯,৭৪৫ টাকা বা তদূর্ধ্ব, কিন্তু ২১,৬০০ টাকার নিম্নে।
- (ঘ) সরকারি কর্মচারী, যাদের বেতনক্রমের সর্বোচ্চ মূল বেতন ৯,৭৪৫ টাকার নিম্নে।

৩। সরকারি কাজে বিদেশ ভ্রমণের ক্ষেত্রে বৈদেশিক মুদ্রায় ভ্রমণ ও অন্যান্য ভাতা প্রদানের জন্য বিশ্বের দেশসমূহকে নিম্নোক্ত তিনটি গ্রুপে ভাগ করা হলো :-

- গ্রুপ-০১ : জাপান, সিঙ্গাপুর, দক্ষিণ কোরিয়া, চীন, হংকং, বাহারাইন, কাতার, সংযুক্ত আরব আমিরাত, সৌদি আরব, ইরান, কুয়েত, অস্ট্রেলিয়া, কানাডা, যুক্তরাষ্ট্র, ব্রাজিল, মেক্সিকো, রাশিয়া, যুক্তরাজ্য, সুইজারল্যান্ড, ফ্রান্স, বেলজিয়াম, ইটালী, সুইডেন, জার্মানি, গ্রীস, নেদারল্যান্ড, পর্তুগাল, স্পেন, তুরস্ক এবং ইউরোপ, ওশেনিয়া, উত্তর ও দক্ষিণ আমেরিকার অন্যান্য দেশসমূহ।
- গ্রুপ-০২ : উজবেকিস্তান, জর্ডান, ইরাক, লেবানন, ফিলিপাইন, থাইল্যান্ড, ইন্দোনেশিয়া, মায়ানমার, মালদ্বীপ, ওমান, ভারত, পাকিস্তান, মালয়েশিয়া, কেনিয়া, মরিসাস, সুদান, সিয়ারা লিয়ন, দক্ষিণ আফ্রিকা, মিশর, লিবিয়া, মরক্কো এবং আফ্রিকা ও মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশসমূহ।
- গ্রুপ-০৩ : নেপাল, ভিয়েতনাম, ভূটান, শ্রীলংকা, আফগানিস্তান এবং এশিয়ার অন্যান্য দেশসমূহ।

৪। বিশেষ পর্যায়ভুক্ত ব্যক্তিবর্গের প্রাপ্য দৈনিক ভাতা :

(ক) জাতীয় সংসদের স্পীকার ও প্রধান বিচারপতি রাষ্ট্রীয় কাজে বিদেশ ভ্রমণকালে হোটেলে একটি মডারেট সুইটে (Moderate suite) অবস্থানের জন্য দৈনিক ভিত্তিতে নিম্নবর্ণিত হারে হোটেল ভাড়া ও নগদ ভাতা প্রাপ্য হবেন :

(আমেরিকান ডলার)

| ভাতাদির বিবরণ | দেশের গ্রুপ | | |
|---------------|-------------|-----|-----|
| | ১ | ২ | ৩ |
| হোটেল ভাড়া | ৫৬০ | ৪৫৯ | ৩৯৩ |
| নগদ ভাতা | ১২৭ | ১০১ | ১০১ |

(খ) কেবিনেট মন্ত্রী, ডেপুটি স্পীকার ও কেবিনেট মন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন ব্যক্তি রাষ্ট্রীয় কাজে বিদেশ ভ্রমণকালে হোটেলে একটি মডারেট সুইটে অবস্থানের জন্য দৈনিক ভিত্তিতে নিম্নবর্ণিত হারে হোটেল ভাড়া ও নগদ ভাতা প্রাপ্য হবেন :

(আমেরিকান ডলার)

| ভাতাদির বিবরণ | দেশের গ্রুপ | | |
|---------------|-------------|-----|-----|
| | ১ | ২ | ৩ |
| হোটেল ভাড়া | ৪২০ | ৩৪৬ | ২৯৫ |
| নগদ ভাতা | ১২৭ | ১০১ | ১০১ |

(গ) বিশেষ পর্যায়ের (খ) উপ-পর্যায়ে অন্তর্ভুক্ত অন্যান্য ব্যক্তি ও কর্মকর্তাগণ দৈনিক ভিত্তিতে নিম্নবর্ণিত হারে হোটেল ভাড়া ও নগদ ভাতা প্রাপ্য হবেন :

(আমেরিকান ডলার)

| ভাতাদির বিবরণ | দেশের গ্রুপ | | |
|---------------|-------------|-----|-----|
| | ১ | ২ | ৩ |
| হোটেল ভাড়া | ৩১২ | ২৬২ | ২৩০ |
| নগদ ভাতা | ১০১ | ৮৭ | ৮৭ |

(ঘ) বিশেষ পর্যায়ভুক্ত ব্যক্তিবর্গের বিদেশের কোন স্থানে অবস্থানকালীন আহার ও অন্যান্য আনুষঙ্গিক ব্যয়ভার (যেমন- বকশিশ, ট্যাক্সি ভাড়া, কুলি খরচ ইত্যাদি) সংশ্লিষ্ট নগদ ভাতার অন্তর্ভুক্ত।

(ঙ) বিশেষ পর্যায়ভুক্ত কোন ব্যক্তির স্ত্রী/স্বামী রাষ্ট্রীয় অতিথি হিসেবে তাঁর সাথে বিদেশে ভ্রমণ করলে তিনি যে হারে ভাতা পাবেন, তাঁর স্ত্রী/স্বামীও একই হারে ভাতা প্রাপ্য হবেন।

ব্যতিক্রম :

উপর্যুক্ত সুবিধাদি গ্রহণ না করে বিশেষ পর্যায়ভুক্ত [(ক)-(২) উপ-পর্যায়ের ব্যক্তিবর্গ ব্যতীত] ব্যক্তিবর্গের কেউ বিদেশে স্বেচ্ছায় স্থায়ী ব্যবস্থায় অথবা অন্য কোনভাবে অবস্থান করলে তাঁরা সাধারণ পর্যায়ের (ক) উপ-পর্যায়ের জন্য অনুমোদিত হারে সর্বসাকুল্য ভাতা (comprehensive allowance) প্রাপ্য হবেন। বিশেষ পর্যায়ের (ক)-(২) উপ-পর্যায়ের ব্যক্তিবর্গ নিম্ন বর্ণিত হারে সর্বসাকুল্য ভাতা (comprehensive allowance) প্রাপ্য হবেন :

(আমেরিকান ডলার)

| ভাতাদির বিবরণ | দেশের গ্রুপ | | |
|------------------------------------|-------------|-----|-----|
| | ১ | ২ | ৩ |
| সর্বসাকুল্য ভাতা (দৈনিক) | ২৫২ | ২০২ | ২০২ |
| বিশেষ পর্যায়ের (ক)-(২) উপ-পর্যায় | | | |

৫। সাধারণ পর্যায়ভুক্ত ব্যক্তি/কর্মকর্তা/কর্মচারীগণ নিজেদের সুবিধা অনুযায়ী হোটেল ভাড়া ভিত্তিক (নগদ ভাতাসহ) ভাতা (Hotel entitlement inclusive of cash allowance) অথবা সর্বসাকুল্য ভাতা (Comprehensive allowance) গ্রহণ করতে পারবেন।

৬। (ক) সাধারণ পর্যায়ভুক্ত ভ্রমণকারী ব্যক্তি/কর্মকর্তা/কর্মচারী সর্বোচ্চ নিম্নবর্ণিত হারে হোটেল ভাড়া প্রাপ্য হবেন :

| সাধারণ পর্যায় | দেশের গ্রুপ | | |
|----------------|-------------|-----|-----|
| | ১ | ২ | ৩ |
| ক | ২৮০ | ২৩০ | ১৯৬ |
| খ | ২৪৬ | ১৯৬ | ১৬৫ |
| গ | ১৯৬ | ১৬৫ | ১৫০ |
| ঘ | ১৬৫ | ১৫০ | ১১৬ |

বিদেশে হোটеле অবস্থারত কোন ব্যক্তি যদি অনিবার্য কারণবশতঃ নিষ্ক্রমণের নির্দিষ্ট সময়ের পরে (check out time) হোটেল ত্যাগ করেন এবং হোটেল কর্তৃপক্ষ যদি ঐ দিনের জন্য পূর্ণ হারে ভাড়া দাবি করেন তাহলে মূল ভাউচার প্রদান সাপেক্ষে তিনি পূর্ণ হারে হোটেল ভাড়া প্রাপ্য হবেন।

(খ) হোটেল ভাড়া গ্রহণকারী ব্যক্তি/কর্মকর্তা/কর্মচারী নিম্নবর্ণিত হারে নগদ ভাতা (cash allowance) প্রাপ্য হবেন :

| সাধারণ পর্যায় | দেশের গ্রুপ | | |
|----------------|-------------|----|----|
| | ১ | ২ | ৩ |
| ক | ১০১ | ৮৭ | ৮৭ |
| খ | ৯১ | ৭৭ | ৭৭ |
| গ | ৯১ | ৭৭ | ৭৭ |
| ঘ | ৭৭ | ৬৪ | ৬৪ |

বিদেশে কোন স্থানে অবস্থানকালে আহার ও অন্যান্য আনুষঙ্গিক খরচাদি (যেমন-বকশিশ, ট্যাক্সি ভাড়া, কুলি খরচ ইত্যাদি) উপর্যুক্ত নগদ ভাতার অন্তর্ভুক্ত।

(গ) কোন ব্যক্তি সাময়িক অবস্থানের জায়গায় (Temporary place of halt) রাত্রিযাপন না করে যদি ১২ ঘণ্টার অধিক কাল হোটেল অবস্থান করেন তাহলে তিনি উক্ত স্থানের জন্য নির্ধারিত হোটেল ভাড়ার অতিরিক্ত পূর্ণ নগদ ভাতা (cash allowance) প্রাপ্য হবেন। একই ভাবে কোথাও ৬ ঘণ্টার অধিক কাল হোটেল অবস্থান করলে তিনি নির্ধারিত হোটেল ভাড়ার অতিরিক্ত নগদ ভাতার অর্ধেক প্রাপ্য হবেন। বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনের কর্মকর্তা/কর্মচারীগণ হেডকোয়ার্টার্স-এর বাইরে অধিক্ষেত্রাধীন এলাকার মধ্যে যদি হোটেল অবস্থান করেন এবং অনুরূপ সাময়িক অবস্থান ঘটে, তবে তাঁদের বেলায়ও এ আর্থিক সুবিধা প্রযোজ্য হবে।

৭। (ক) ভ্রমণকারী ব্যক্তি/কর্মকর্তা/কর্মচারী স্বীয় ইচ্ছানুযায়ী ৬নং অনুচ্ছেদে উল্লিখিত সুবিধাদির পরিবর্তে নিম্নবর্ণিত হারে সর্বসাকুল্য ভাতা (Comprehensive allowance) গ্রহণ করতে পারবেন :

| সাধারণ পর্যায় | দেশের গ্রুপ | | |
|----------------|-------------|-----|-----|
| | ১ | ২ | ৩ |
| ক | ২০২ | ১৬৫ | ১৫১ |
| খ | ১৭৮ | ১৫১ | ১৩৭ |
| গ | ১৬৫ | ১৩৭ | ১২৭ |
| ঘ | ১৩৭ | ১১৫ | ১০১ |

বিদেশে কোন স্থানে অবস্থানকালীন আহার, বাসস্থান এবং অন্যান্য আনুষঙ্গিক খরচাদি (যেমন : বকশিশ, ট্যাক্সি ভাড়া, কুলি খরচ ইত্যাদি) উপর্যুক্ত সর্বসাকুল্য ভাতার অন্তর্ভুক্ত।

(খ) যদি বিদেশের কোন স্থানে কারো অবস্থান ২০ রাত্রির অধিক হয়, তাহলে ২০ রাত্রির পরবর্তীকালের জন্য তিনি দৈনিক ভাতার শতকরা ১০ ভাগ হারে কম পাবেন। অবস্থানকাল ৪০ রাত্রির অধিক হলে ৪০ রাত্রির পরবর্তীকালের জন্য দৈনিক ভাতার শতকরা ১৫ ভাগ হারে কম প্রাপ্য হবেন। প্রকৃত হোটেল ভাড়াভিত্তিক ভাতা এবং সর্বসাকুল্য ভাতা উভয় ক্ষেত্রেই এ ব্যবস্থা প্রযোজ্য হবে।

(গ) বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনের কর্মকর্তা/কর্মচারীগণ হেডকোয়ার্টার্স-এর বাইরে অধিক্ষেত্রাধীন এলাকার মধ্যে সরকারি কাজে রাত্রিযাপন না করে ৬ ঘন্টা বা তদূর্ধ্ব কিন্তু ১২ ঘন্টার কম সময় অবস্থান করেন সে ক্ষেত্রে নির্ধারিত সর্বসাকুল্য ভাতার এক-চতুর্থাংশ প্রাপ্য হবেন এবং ১২ ঘন্টা বা ততোধিক সময় (যে ক্ষেত্রে রাত্রিযাপন বা হোটেলে অবস্থানের প্রয়োজন পড়ে না) অবস্থানের জন্য সর্বসাকুল্য ভাতার অধিক (১/২ অংশ) প্রাপ্য হবেন।

৮। (ক) গন্তব্যস্থলে প্রতি রাত্রিযাপনের জন্য ক্ষেত্র অনুসারে ভ্রমণকারী ব্যক্তি একদিনের হোটেল ভাড়া ভিত্তিক ভাতা অথবা সর্বসাকুল্য ভাতা প্রাপ্য হবেন। ভ্রমণকারী ব্যক্তি গন্তব্যস্থলে স্থানীয় সময় সকাল ৬-০০ টার পর পৌঁছে যদি ন্যূনতম ৬ ঘন্টা ঐ স্থানে অবস্থান করেন তা হলে তিনি সেখানে রাত্রিযাপন করেছেন বলে গণ্য করা হবে। হোটেলে অবস্থানকারী ব্যক্তিকে আবশ্যিকভাবে হোটেলের বিল দাখিল করতে হবে। সর্বসাকুল্য হারে দৈনিক ভাতা গ্রহনকারী ব্যক্তির বেলায় এয়ার লাইন্স টিকেট প্রমানক হিসেবে দাখিল করতে হবে।

(খ) বিদেশ ভ্রমণকালে কোন ব্যক্তি বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।

৯। বিমান পথে ভ্রমণকালে বিনা ভাড়ায় বহনযোগ্য মালের (free baggage allowance) অতিরিক্ত মালপত্র সরকারি খরচে বহন করা যাবে না। তবে, সংশ্লিষ্ট ও যথাযথ কর্তৃপক্ষের পূর্ব অনুমোদন সাপেক্ষে সরকারি কাজে সরকারি দলিলপত্র ও সরঞ্জামাদি বহন করবার নিমিত্ত প্রয়োজনীয় ভাড়া দাবি করা যেতে পারে।

১০। যখন জাতীয় সংসদের স্পীকার, প্রধান বিচারপতি, কেবিনেট মন্ত্রী, ডেপুটি স্পীকার ও কেবিনেট মন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন ব্যক্তি বিদেশে রাষ্ট্রীয় অতিথি হিসাবে পরিগণিত হবেন অর্থাৎ যদি তাঁর আহার ও বাসস্থান বাবদ খরচ কোন বিদেশি সরকার কিংবা সংস্থা বহন করে, তখন প্রতি রাত্রিযাপনের জন্য তিনি ৮৭ মার্কিন ডলার হিসেবে পকেট ভাতা প্রাপ্য হবেন। বিশেষ পর্যায়ভুক্ত অন্যান্য ব্যক্তি যখন রাষ্ট্রীয় অতিথি হিসেবে বিবেচিত হবেন, তখন তিনি স্থান বিশেষে প্রতি রাত্রিযাপনের জন্য সাধারণ (ক) পর্যায়ের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার (Comprehensive allowance) শতকরা ৩০ ভাগ পকেট ভাতা হিসেবে প্রাপ্য হবেন।

১১। সাধারণ পর্যায়ভুক্ত কোন ব্যক্তি যদি রাষ্ট্রীয় অতিথি হিসাবে বিবেচিত হন অর্থাৎ যদি তাঁর আহার, বাসস্থান বাবদ খরচ কোন বিদেশি সরকার কিংবা সংস্থা বহন করে, তাহলে তিনি সে দেশের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার (Comprehensive allowance) শতকরা ৩০ ভাগ পকেট ভাতা প্রাপ্য হবেন। তবে, তাঁকে আনুষঙ্গিক ব্যয় বাবদ নগদ কোন অর্থ প্রদান করা হয়ে থাকলে, তিনি এ ভাতা পাবেন না। আহার ও বাসস্থান বাবদ খরচের জন্য উক্ত দেশ বা সংস্থা যদি সংশ্লিষ্ট ব্যক্তিকে নগদ অর্থ প্রদান করেন তা হলে সে ক্ষেত্রেও তিনি এ ভাতা প্রাপ্য হবেন না। স্বল্পকালীন (১ মাসের কম) প্রশিক্ষণ, সেমিনার, ওয়ার্কশপ ইত্যাদিতে অংশগ্রহণের ক্ষেত্রে এ ব্যবস্থা প্রযোজ্য হবে না।

(ক) বাংলাদেশ নৌ বাহিনীর জাহাজ cruises, exercises, courtesy calls, transportation of naval personnel for manning newly acquired ships, refits ইত্যাদি কাজে বিদেশের বন্দরে অবস্থান করলে ঐ সকল জাহাজে কর্মরত কর্মকর্তা/নাবিকগণ শতকরা ৩০ ভাগ হারে পকেট ভাতা প্রাপ্য হবেন।

১২। কোন কর্মকর্তা হেডকোয়ার্টার্স হতে বিদেশে এবং বিদেশ হতে হেডকোয়ার্টার্সে সরকারি কাজে বিমানে কোথাও ভ্রমণ করলে প্রতিটি ভ্রমণের জন্য তিনি প্রয়োজনীয় টার্মিনাল চার্জ (বিমান বন্দর ও রেলওয়ে স্টেশনে যাতায়াত বাবদ ট্যাক্সি ভাড়া, কুলি খরচ, বকশিশ ইত্যাদি এর অন্তর্ভুক্ত) নির্দিষ্ট স্থানের জন্য অনুমোদিত সর্বসাকুল্য ভাতার শতকরা ১০ ভাগ হিসেবে প্রাপ্য হবেন। তবে বাংলাদেশের কোন বিমান বন্দর হতে বিদেশ ভ্রমণের জন্য স্থানীয় মুদ্রায় শুধু বিমান বন্দর শুল্ক (Airport tax) স্থানীয় মুদ্রায় প্রকৃত ব্যয়ের ভিত্তিতে প্রাপ্য হবেন এবং দেশে প্রত্যাবর্তনের পর বাংলাদেশ বিমান বন্দরের জন্য কোন টার্মিনাল চার্জ দেয়া হবে না। এ টার্মিনাল চার্জ প্রতিটি ভ্রমণের শুরু ও শেষে (both commencement and termination of each journey) অর্থাৎ মোট ২টি প্রাপ্য হবেন। টার্মিনাল চার্জ সর্বসাকুল্য ভাতার ১০ শতাংশ হলে তার জন্য কোন ভাউচার প্রয়োজন হবে না। টার্মিনাল চার্জ যদি সর্বসাকুল্য ভাতার শতকরা ১০ শতাংশের অধিক হয় তাহলে মূল ভাউচার প্রদান সাপেক্ষে তা প্রাপ্য বলে গণ্য হবে। তবে কোন অবস্থাতেই টার্মিনাল চার্জ সর্বসাকুল্য ভাতার ২০ শতাংশের অধিক দেয়া হবে না। বিমানে ভ্রমণ না করলেও অর্থাৎ রেলপথ/পাবলিক বাসে ভ্রমণ করলেও টার্মিনাল চার্জ প্রাপ্য হবেন। বিদেশ ভ্রমণকালে বাংলাদেশ বিমান বন্দর কর্তৃপক্ষকে দেশীয় মুদ্রায় দেয়া টার্মিনাল চার্জ/বিমান বন্দর চার্জ ভ্রমণকারীকে বাংলাদেশী মুদ্রায় দেয়া যাবে।

১/

১৩। (ক) জাতীয় সংসদের স্পীকার, প্রধান বিচারপতি, কেবিনেট মন্ত্রী, ডেপুটি স্পীকার ও কেবিনেট মন্ত্রীর পদমর্যাদাসম্পন্ন ব্যক্তি বিদেশ ভ্রমণকালে গন্তব্যস্থলে যাবার সময় প্রতিটি ভ্রমণ দিনের জন্য (for each day of transit) দৈনিক ৬৪ মার্কিন ডলার হিসেবে ভাতা প্রাপ্য হবেন। বিশেষ পর্যায়ভুক্ত অন্যান্য ব্যক্তিবর্গ সাধারণ 'ক' পর্যায়ের ক্ষেত্রে প্রযোজ্য পরবর্তী গন্তব্যস্থলের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার ২৫ ভাগ ট্রানজিট ভাতা প্রাপ্য হবেন।

(খ) সাধারণ পর্যায়ভুক্ত সকল কর্মকর্তা বিমান পথে ভ্রমণকালে সর্বসাকুল্য ভাতার শতকরা ২৫ ভাগ ট্রানজিট ভাতা হিসেবে প্রাপ্য হবেন। পরবর্তী গন্তব্যস্থলের উদ্দেশ্যে প্রতিটি ভ্রমণ দিনের জন্য (for each day of transit) নির্ধারিত সর্বসাকুল্য ভাতার শতকরা ২৫ ভাগ প্রদেয় হবে। অনুরূপভাবে ফেরত ভ্রমণের ক্ষেত্রেও শেষ কর্মস্থলের উদ্দেশ্যে প্রতিটি ভ্রমণ দিনের জন্য নির্ধারিত সর্বসাকুল্য ভাতার শতকরা ২৫ ভাগ ট্রানজিট ভাতা হিসেবে প্রদেয় হবে। বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশন/দূতবাসের কর্মকর্তা/কর্মচারীগণ হেডকোয়ার্টার্স-এর বাইরে অধিক্ষেত্রাধীন এলাকার মধ্যে সরকারি কাজ সম্পাদনের জন্য আকাশ, রেল ও স্থলপথে ভ্রমণকালে এক পথে (One way) তিন ঘন্টার কম সময় অতিবাহিত হলে কোন ট্রানজিট ভাতা প্রাপ্য হবেন না। এক পথে (One way) তিন ঘন্টা বা তার চেয়ে বেশী সময় অতিবাহিত হলে ১ দিনের ট্রানজিট ভাতা প্রাপ্য হবেন। তবে যাওয়া ও আসা বাবদ ২৪ ঘন্টার অধিক সময় অতিবাহিত না হলে একদিনের ট্রানজিট ভাতা প্রাপ্য হবেন এবং টার্মিনাল চার্জের প্রাপ্যতা এ স্মারকের অনুচ্ছেদ ১২ মোতাবেক নির্ধারিত হবে। সরকারি গাড়িতে কেউ সড়ক পথে ভ্রমণ করলে কোন টার্মিনাল চার্জ প্রাপ্য হবেন না।

(গ) হেডকোয়ার্টার্স থেকে যাত্রা শুরু করার সময় হতে গন্তব্যস্থলে পৌঁছানো এবং শেষ কর্মস্থল হতে যাত্রা করে হেডকোয়ার্টার্সে প্রত্যাবর্তন করা পর্যন্ত সময়কে ট্রানজিট পিরিয়ড হিসেবে গণ্য করা হবে। প্রতিটি ভ্রমণ দিনের মেয়াদ সাধারণতঃ ২৪ ঘন্টা ধরা হবে। অবশ্য ট্রানজিট পিরিয়ড ২৪ ঘন্টার কম হলেও ভ্রমণকারী একদিনের ট্রানজিট ভাতা প্রাপ্য হবেন। ভ্রমণকালের মেয়াদ ২৪ ঘন্টার বেশী হলে তদূর্ধ্ব সময়ের জন্য একাধিক ট্রানজিট ভাতা প্রাপ্য হবেন। যদি সফরকালে বিমান যোগাযোগের জন্য কোথাও রাতিযাপন করতে হয় এবং এয়ার লাইন্স যদি উক্ত ব্যয় বহন না করে, তা হলে সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অনুমোদন সাপেক্ষে এরূপ অবস্থায় প্রতি রাতি যাপনের জন্য ভ্রমণকারী দৈনিক ভাতা প্রাপ্য হবেন, কিন্তু কোন ট্রানজিট ভাতা প্রাপ্য হবেন না। এরূপ ক্ষেত্রে অবস্থানের জন্য যদি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন না থাকে তা হলে সরকারি কর্মকর্তা/কর্মচারী প্রচলিত নিয়মানুযায়ী ট্রানজিট ভাতা প্রাপ্য হবেন, কিন্তু দৈনিক ভাতা প্রাপ্য হবেন না। এয়ার লাইন্স যদি ঐ সফরের ব্যয় বহন করে, সেক্ষেত্রে সরকারি ব্যক্তি/কর্মচারী শুধুমাত্র ট্রানজিট ভাতা প্রাপ্য হবেন। একই দিনে ট্রানজিটে থেকে গন্তব্যস্থলে পৌঁছলে ঐদিনের জন্য ট্রানজিট ভাতা ও দৈনিক ভাতা, একইসাথে প্রাপ্য হবেন। কারণ দৈনিক ভাতা গন্তব্যস্থলে পৌঁছে ব্যয় করার জন্য আর ট্রানজিট ভাতা ট্রানজিটে থাকা অবস্থায় ব্যয় করার জন্য প্রদান করা হয়। বিদেশে অভ্যন্তরীণ ভ্রমণের সময় ভ্রমণকারী যদি সে দিনের জন্য দৈনিক ভাতা প্রাপ্য হন তা হলে তিনি কোন ট্রানজিট ভাতা প্রাপ্য হবেন না। তবে বিদেশে বিভিন্ন দেশের মধ্যে একই দিনে সম্পাদিত এক বা একাধিক সফরের জন্য একদিনের ট্রানজিট ভাতা প্রাপ্য হবেন।

(ঘ) বিদেশি কোন সরকার বা সংস্থার খরচে সরকারিভাবে বিদেশে সেমিনার, কনফারেন্স, ওয়ার্কশপ, শিক্ষা সফর (Study tour) ও অনধিক এক মাসের প্রশিক্ষণের ক্ষেত্রে ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ প্রদানের বেলায় নিম্নবর্ণিত নির্দেশনা প্রযোজ্য হবে :

১. যেক্ষেত্রে বিদেশি সরকার বা সংস্থা আনুষঙ্গিক ব্যয় নির্বাহের জন্য কিছু থোক অগ্রিম প্রদান করে থাকে, সেক্ষেত্রে কোন ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ প্রদান করা যাবে না।
২. যেসব ক্ষেত্রে বিদেশি সরকার বা সংস্থা গন্তব্যস্থলে পৌঁছার পর দৈনিক ভাতা প্রদান ও আনুষঙ্গিক ব্যয় বহন করে বা মোট অবস্থান হতে অতিরিক্ত সময়ের জন্য দৈনিক ভাতা প্রদান করে থাকে এবং আমন্ত্রিত কর্মকর্তা অতিরিক্ত অর্থ দ্বারা যাতায়াত সংক্রান্ত আনুষঙ্গিক ব্যয় নির্বাহ করতে পারবেন, সেসব ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় শুধু বহির্গমনের (outward journey) জন্য ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ এ শর্তে মঞ্জুরী প্রদান করতে পারবেন যে, ভ্রমণ সমাপনান্তে তা বৈদেশিক মুদ্রায় সরকারি কোষাগারে জমা দিতে হবে।
৩. যেক্ষেত্রে বিদেশি সরকার বা সংস্থা ভ্রমণের প্রাক্কালে কোন অগ্রিম অর্থ প্রদান করে না বা আনুষঙ্গিক ব্যয় সংক্রান্ত কোন আশ্বাস প্রদান করে না, সেক্ষেত্রে বহির্গমন ও প্রত্যাবর্তন উভয় ভ্রমণের বেলায় ট্রানজিট ভাতা ও টার্মিনাল চার্জ মঞ্জুর করা যাবে এবং তা একাধিক দেশে/স্থানে ভ্রমণের ক্ষেত্রে প্রত্যেক কর্মস্থলে প্রদেয় হবে। অবশ্য আমন্ত্রণকারী কর্তৃপক্ষ যদি এ বাবদ কোন অর্থ প্রদান করেন, তা হলে মঞ্জুরীকৃত অর্থ যথানিয়মে বৈদেশিক মুদ্রায় ফেরত দিতে হবে।

১৪। কোন ব্যক্তি/কর্মকর্তা/কর্মচারী স্বীয় অনুরোধে বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতবাস কর্তৃক তাঁর আহার ও বাসস্থানের ব্যবস্থা করিয়ে নিলে কৃত ব্যবস্থার সকল দায়-দায়িত্ব সংশ্লিষ্ট ব্যক্তি/কর্মকর্তার উপর বর্তাবে।

১৫। বিদেশে কর্তব্যরত অবস্থায় কোন স্থানে চলাচলের জন্য ট্যাক্সি ভাড়া অথবা অন্য কোন যানবাহনের ভাড়া দাবি করা যাবে। তবে, এরূপ ব্যয় নির্দিষ্ট স্থানের জন্য প্রাপ্য সর্বসাকুল্য ভাতার শতকরা ১০ ভাগের অধিক হলে এবং নির্ধারিত সর্বসাকুল্য ভাতার শতকরা ১০ ভাগের অতিরিক্ত কিন্তু অনধিক শতকরা ৩০ ভাগ যা প্রকৃত ব্যয় তাই প্রাপ্য বলে গণ্য হবে। অর্থাৎ এ অতিরিক্ত প্রাপ্যতা কোন ক্রমেই নির্ধারিত সর্বসাকুল্য ভাতার শতকরা ২০ ভাগের বেশী হবে না।

১৬। হোটেল ভাড়া ভিত্তিক (নগদসহ) ভাতা কেউ অগ্রিম গ্রহণ করলে বিদেশ হতে ফেরার এক মাসের মধ্যে উক্ত অগ্রিম অর্থ ব্যয়ের সমর্থনে প্রয়োজনীয় হোটেল ভাউচার প্রদানের মাধ্যমে বিল সমন্বয় করতে হবে। অনুরূপভাবে বিকল্প হার গ্রহণ করলেও যথারীতি এক মাসের মধ্যে বিল সমন্বয় করতে হবে।

১৭। (ক) বৈদেশিক মুদ্রায় গৃহীত সব রকমের উদ্ধৃত অর্থ বৈদেশিক মুদ্রায় অথবা চলতি বিনিময় হারে বাংলাদেশী মুদ্রায় ফেরত দিতে হবে। যেসব ক্ষেত্রে সময়মত অগ্রিম হিসেবে গৃহীত অর্থের হিসাব-নিকাশের সমন্বয় না করা অথবা উদ্ধৃত অর্থ ফেরত না দেয়া হয়, সে সব ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারীর অফিসকে উক্ত কর্মকর্তা/কর্মচারীর নিকট হতে উদ্ধৃত অর্থ ফেরত নেয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। কেউ স্বীয় প্রাপ্যের বেশী বৈদেশিক মুদ্রা গ্রহণ করে থাকলে উক্ত অতিরিক্ত অর্থ বৈদেশিক মুদ্রায় অথবা চলতি বিনিময় হারে বাংলাদেশী মুদ্রায় ফেরত দেয়া হয়েছে কিনা সে সম্পর্কে সংশ্লিষ্ট প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার অফিসকেও নিশ্চিত হতে হবে। এজন্য সংশ্লিষ্ট প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার অফিস প্রয়োজনবোধে একটি নতুন রেজিস্টার খুলে তাতে প্রয়োজনীয় Entry রাখবেন যাতে উক্ত রেজিস্টারের উপর ভিত্তি করে ভবিষ্যতে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর নিকট হতে প্রচলিত নিয়ম অনুসারে বৈদেশিক মুদ্রায় অথবা চলতি বিনিময় হারে বাংলাদেশী মুদ্রায় উক্ত অর্থ ফেরত নেয়ার ব্যবস্থা করা যায়।

(খ) বাংলাদেশ মিশনসমূহের কর্মকর্তা/কর্মচারীদের বদলীর বেলায় বৈদেশিক মুদ্রায় গৃহীত সকল ধরনের উদ্ধৃত অর্থ বৈদেশিক মুদ্রায় ফেরত দিতে হবে। অনিবার্য কারণবশতঃ বৈদেশিক মুদ্রায় ফেরত প্রদান করা সম্ভব না হলে, সেক্ষেত্রে বাংলাদেশী মুদ্রায় চলতি বিনিময় হারে উক্ত উদ্ধৃত অর্থ ফেরত দিতে হবে এবং তার অর্ধেক অর্থ জরিমানা হিসেবে আদায় করা হবে। অর্থাৎ উদ্ধৃত অর্থ অনাদায়ের জন্য প্রতিবারই বিনিময় হারের দেড় গুণ পরিমাণ অর্থ বাংলাদেশী মুদ্রায় ফেরত দিতে হবে। যেসব ক্ষেত্রে সময়মত অগ্রিম হিসাবে গৃহীত অর্থের হিসাব-নিকাশের সমন্বয় সাধন না করা হয় অথবা উদ্ধৃত অর্থ ফেরত না দেয়া হয় সেসব ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারীর অফিসকে উক্ত কর্মকর্তা/কর্মচারীর নিকট হতে উদ্ধৃত অর্থ ফেরত নেয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করতে হবে। কেউ স্বীয় প্রাপ্যের অধিক বৈদেশিক মুদ্রা গ্রহণ করে থাকলে উক্ত অতিরিক্ত অর্থ বৈদেশিক মুদ্রায় ফেরত দেয়া হয়েছে কি-না সে সম্পর্কে সংশ্লিষ্ট প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার অফিসকেও নিশ্চিত হতে হবে। এজন্য সংশ্লিষ্ট প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার অফিস প্রয়োজনবোধে একটি নতুন রেজিস্টার খুলে তাতে প্রয়োজনীয় Entry রাখবেন যাতে উক্ত রেজিস্টারের উপর ভিত্তি করে ভবিষ্যতে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের নিকট হতে প্রচলিত নিয়ম অনুসারে বৈদেশিক মুদ্রায় অথবা বাংলাদেশী মুদ্রায় উক্ত অর্থ ফেরত নেয়ার ব্যবস্থা করা যায়। জরিমানা হিসেবে আদায়কৃত অর্থ সর্বক্ষেত্রে সরকারের প্রাপ্য। আদায়কৃত এরূপ অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট হিসেবে জমা দিতে হবে।

১৮। বৈদেশিক মুদ্রায় মঞ্জুরীর জন্য প্রস্তাব পেশ করার সময় সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থাকে পূর্বে প্রাপ্ত অর্থের হিসাব-নিকাশের সমন্বয় সাধন কিংবা ক্ষেত্র বিশেষে উদ্ধৃত অর্থ ফেরত দেয়া হয়েছে - এ মর্মে মন্ত্রণালয়/সংস্থা প্রধান কর্তৃক স্বাক্ষরিত সার্টিফিকেট পেশ করতে হবে। উদ্ধৃত অর্থ (বৈদেশিক মুদ্রা) যে ব্যাংকে ফেরত দেয়া হয়েছে তার নাম সার্টিফিকেটে উল্লেখ করতে হবে। বাংলাদেশী মুদ্রায় করা হলে, নির্দিষ্ট হারে আদায় করা হয়েছে কিনা তা উল্লেখ করতে হবে। উল্লিখিত সার্টিফিকেট ছাড়া বৈদেশিক মুদ্রা মঞ্জুরীর জন্য পরবর্তী প্রস্তাব গ্রহণযোগ্য হবে না। এরূপ অনাদায়ের ক্ষেত্রে অগ্রিম হিসেবে নেয়া বৈদেশিক মুদ্রার সমন্বয় সাধন অথবা ফেরত প্রদান সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১৯। (ক) বৈদেশিক মুদ্রা মঞ্জুরী প্রাপ্তির সময় যে হারে (ব্যাংক কমিশন ছাড়া) অনুমোদিত ডিলারদের নিকট হতে বৈদেশিক মুদ্রা ক্রয় করা হয়, প্রাপ্ত অর্থের হিসাব-নিকাশ এর সমন্বয় সাধনকালেও সে হার প্রয়োগ করা হবে। যে হারে বৈদেশিক মুদ্রা ক্রয় করা হয়েছে তা উল্লেখ পূর্বক অনুমোদিত ডিলারদের নিকট হতে সার্টিফিকেট নিয়ে তা বিলে দাবিকৃত অংশের সমর্থনে প্রমাণস্বরূপ পেশ করতে হবে। বৈদেশিক মুদ্রা বিনিময় হারের উঠানামার দরশন সরকারি কর্মকর্তা/কর্মচারী যাতে লাভবান বা ক্ষতিগ্রস্ত না হন সেজন্য সংশ্লিষ্ট কর্মচারীর ভ্রমণ ভাতা বিলের মাধ্যমে বিনিময় হার উঠানামার কারণে লাভ-ক্ষতির সমন্বয় সাধন করা হবে। যদি কেউ ক্ষতিগ্রস্ত হন তা হলে ভ্রমণ ভাতা বিলে ক্ষতির সমপরিমাণ অর্থ তাঁর প্রকৃত খরচ হিসাবে যোগ করে দেয়া হবে। অপরপক্ষে যদি কেউ লাভবান হন তাহলে তাঁর ভ্রমণ ভাতা বিলে লাভের সমপরিমাণ অর্থ মোট প্রাপ্য হতে কর্তন করে দেয়া হবে। সংশ্লিষ্ট ব্যক্তি/কর্মকর্তা/কর্মচারী যে খাত হতে ভাতা গ্রহণ করেন সে খাতেই এ সম্পর্কীয় লেনদেনের সমন্বয় করা হবে।

(খ) অনুমোদিত ডিলারগন (নগদ, ট্রাভেলার্স চেক, ডিমান্ড ড্রাফট, মেইল ও টেলিগ্রাফিক ট্রান্সফার প্রভৃতি আকারে) বৈদেশিক মুদ্রা প্রদানের সময় যে ব্যাংক কমিশন/চার্জ ও অন্যান্য আনুষঙ্গিক খরচ সরকারি কর্মকর্তা/কর্মচারীর নিকট হতে গ্রহণ করে থাকেন, তা মূল ভাউচার প্রদান সাপেক্ষে প্রাপ্য বলে গণ্য হবে এবং ভ্রমণকারী ব্যক্তি/কর্মকর্তা/কর্মচারীকে তা বাংলাদেশী মুদ্রায় প্রদান করা হবে।

২০। এ স্মারকের ৪র্থ অনুচ্ছেদে উল্লিখিত কেবল নগদ ভাতা এবং ৬(খ), ৭(ক), ১০, ১১, ১২ ও ১৩ নম্বর অনুচ্ছেদে অনুমোদিত ব্যয় ব্যতীত অন্যান্য সকল ধরনের ব্যয় অবশ্যই উপযুক্ত রশিদ পত্রের মাধ্যমে সম্পাদন করতে হবে। বিশেষ পর্যায় ভুক্ত কর্মকর্তার বেলায় ট্যাক্সি ভাড়া বকশিশ ও টেলিফোন ব্যবহারের জন্য ছোট-খাট খরচ, যার জন্য মূল রশিদ দাখিল করা সম্ভবপর নয়, সেসব ক্ষেত্রে মূল রশিদের পরিবর্তে সহগামী একজন কর্মকর্তা (অন্ততঃপক্ষে সহকারী সচিবের পদমর্যাসম্পন্ন) কর্তৃক স্বাক্ষরিত সার্টিফিকেট থাকতে হবে। তবে এরূপ ব্যয় বিশেষ পর্যায়ভুক্ত কর্মকর্তার বেলায় প্রযোজ্য নগদ ভাতার শতকরা ১০ ভাগের অধিক হলে প্রাপ্য হবে এবং নির্ধারিত নগদ ভাতার শতকরা ১০ ভাগের অতিরিক্ত কিন্তু অনধিক শতকরা ৩০ ভাগ যা প্রকৃত ব্যয় তাই প্রাপ্য বলে গণ্য হবে। অর্থাৎ এ অতিরিক্ত প্রাপ্যতা কোনক্রমেই নির্ধারিত নগদ ভাতার শতকরা ২০ ভাগের অধিক হবে না।

২১। (ক) সরকারি খরচে আকাশ পথে বিদেশ ভ্রমণকালে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, জাতীয় সংসদের স্পীকার, প্রধান বিচারপতি, প্রাক্তন রাষ্ট্রপতি, কেবিনেট মন্ত্রী, টীপ হুইং, জাতীয় সংসদের ডেপুটি স্পিকার, জাতীয় সংসদের বিরোধী দলীয় নেতা, কেবিনেট মন্ত্রীর সমপদমর্যার কর্মকর্তাগণ, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী, প্রধান নির্বাচন কমিশনার, পরিকল্পনা কমিশনের উপ-চেয়ারম্যান, সুপ্রীম কোর্টের আপিল বিভাগের বিচারকগণ, নির্বাচন কমিশনার, সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের বিচারকগণ, মন্ত্রিপরিষদ সচিব, সেনা, নৌ, এবং বিমান বাহিনীর প্রধানগণ এবং সরকারের মুখ্য সচিব প্রথম শ্রেণীতে ভ্রমণ করতে পারবেন।

ব্যতিক্রম:

বিদেশে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত/হাইকমিশনারগণ নিম্নবর্ণিত সময় বিমানে প্রথম শ্রেণীতে ভ্রমণ করতে পারবেন :

- (১) যে দেশে রাষ্ট্রদূত/ হাইকমিশনার নিযুক্ত হয়েছেন, সেদেশে যখন প্রথম যাবেন।
- (২) যখন বিদেশী রাষ্ট্র প্রধানগণের সহগামী হয়ে বাংলাদেশে আগমন করবেন।

(খ) জাতীয় সংসদ সদস্য, এয়ার্টনি জেনারেল, কম্পট্রোলার এবং অডিটর জেনারেল, সরকারি কর্মকমিশনের চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান, বাংলাদেশ ব্যাংকের গভর্নর, মহা পুলিশ পরিদর্শক, পরিকল্পনা কমিশনের সদস্যগণ, সেনা/নৌ/বিমান বাহিনীতে মেজর জেনারেলের পদমর্যাদার কর্মকর্তাগণ, জাতীয় সংসদ সচিবসহ সরকারের সকল সচিব, জাতীয় নিরাপত্তা বিভাগের মহা-পরিচালক, বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরি কমিশনের সার্বক্ষনিক সদস্যগণ, জাতীয় অধ্যাপকগণ, সরকারের সচিবের পদমর্যাদার অধিষ্ঠিত কর্মকর্তাগণ, বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণ, সিটি কর্পোরেশনের মেয়রগণ, অতিরিক্ত এয়ার্টনি জেনারেল, সরকারের অতিরিক্ত সচিবগণ, আঞ্চলিক শক্তি কমিশনের চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ডের চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের চেয়ারম্যান, বাংলাদেশ রসায়ন শিল্প সংস্থার চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল কর্পোরেশনের চেয়ারম্যান, বাংলাদেশ তেল, গ্যাস এবং খনিজ সম্পদ কর্পোরেশনের চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান, বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল কর্পোরেশনের চেয়ারম্যান, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প সংস্থার চেয়ারম্যান, বাংলাদেশ বঙ্গকল সংস্থার চেয়ারম্যান, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান, টেরিফ কমিশনের চেয়ারম্যান, দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদের নির্বাহী ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক, সোনালী, জনতা, এবং অগ্রণী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকগণ, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকগণ (সিলেকশন গ্রোড), বাংলাদেশের রাষ্ট্রদূত ও হাইকমিশনারগণ (অন্যান্য সময়ে) আকাশ পথে বিদেশ ভ্রমণকালে বিজনেস/ক্লাব/এক্সিকিউটিভ শ্রেণীতে ভ্রমণ করতে পারবেন।

(গ) উপরের (ক) ও (খ) এ উল্লিখিত ব্যক্তিবর্গ/কর্মকর্তাগণ ব্যতিরেকে কেউ সরকারি খরচে আকাশ পথে যথাক্রমে প্রথম শ্রেণীতে এবং বিজনেস/ক্লাব/এক্সিকিউটিভ শ্রেণীতে ভ্রমণ করতে পারবেন না।

২২। বিদেশে প্রশিক্ষণের ক্ষেত্রে এ স্মারকে উল্লিখিত ভাতার হার প্রযোজ্য হবে না।

২৩। সরকারি খরচে বিদেশ ভ্রমণ সংক্রান্ত বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ ও সরকারি আদেশ জারি করার সময় প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগসমূহ যে কার্যক্রম গ্রহণ করে থাকেন তাতে অনেক ক্ষেত্রে অনিয়ম পরিলক্ষিত হয়। এ অনিয়মের ফলে ন্যূনতম সময়ে প্রস্তাব পরীক্ষা করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা সম্ভবপর হয়ে ওঠে না। এসব অসুবিধা দূর করার লক্ষ্যে কার্যক্রম গ্রহণে সহায়ক নিম্নবর্ণিত বিধিসমূহের প্রতি সকল মন্ত্রণালয়/বিভাগের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে :

- (ক) সরকারি খরচে বিদেশ ভ্রমণ সংক্রান্ত প্রত্যেকটি প্রস্তাবে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন অবশ্যই গ্রহণ করতে হবে।
- (খ) কোন প্রস্তাব কর্তৃপক্ষের অনুমোদনের জন্য পেশ করার সময় সার-সংক্ষেপ বা নোটে মনোনীত ব্যক্তি/কর্মকর্তা/কর্মচারীর নির্ধারিত কর্মস্থলে প্রকৃত অবস্থানের সময় ছাড়াও হেডকোয়ার্টার্স হতে গমন ও প্রত্যাবর্তনের তারিখ/সময়ের উল্লেখ থাকতে হবে।
- (গ) নির্ধারিত ভ্রমণে ভ্রমণসূচীতে উল্লিখিত সম্পূর্ণ অংশের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে অর্থাৎ ভ্রমণকারী ব্যক্তি/কর্মচারীর মূখ্য ভ্রমণের স্থান ছাড়াও যদি সরকারি কার্যসম্পাদনের জন্য বা অনিবার্য কারণবশত: পথিমধ্যে অন্য কোথাও সফর/অবস্থান করতে হয় সে জন্যও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে।
- (ঘ) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণের সময় প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা কর্তৃক বিদেশ ভ্রমণ সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য বরাদ্দকৃত অর্থ ও প্রকৃত ব্যয়িত অর্থের পরিমাণ উল্লেখ করতে হবে।
- (ঙ) নির্ধারিত সফরের ব্যয় নির্বাহের জন্য প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রার পরিমাণও প্রস্তাবে উল্লেখ করতে হবে এবং যে ক্ষেত্রে নির্ধারিত বাজেট বরাদ্দের মধ্যে ভ্রমণ ব্যয় সংকুলান করা সম্ভবপর নয় সে ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব (prior) অনুমোদন ছাড়া যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের জন্য কোন প্রস্তাব পেশ করা যাবে না।
- (চ) ও- অনুচ্ছেদে উল্লিখিত ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্ব অনুমোদনের প্রস্তাব সংক্রান্ত ব্যয় নির্বাহের জন্য বরাদ্দকৃত অর্থ, ব্যয়িত অর্থের পরিমাণ এবং নির্ধারিত সফরের জন্য প্রয়োজনীয় বৈদেশিক মুদ্রার পরিমাণ উল্লেখ করতে হবে। বর্ণিত বিধিসমূহ সরকারি ব্যয়ে বিদেশ ভ্রমণ সংক্রান্ত বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য অত্যন্ত প্রয়োজনীয় এবং তা প্রতিপালনের জন্য সকল মন্ত্রণালয়/বিভাগকে নিশ্চিত হয়ে উদ্যোগ গ্রহণ করতে অনুরোধ করা যাচ্ছে। সে অনুযায়ী প্রশাসনিক আদেশে নিম্নবর্ণিত বিষয়গুলি স্পষ্টভাবে উল্লেখ করার জন্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগসমূহের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে :

- (১) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হয়েছে কি-না ;
- (২) হেডকোয়ার্টার্স হতে গমন ও প্রত্যাবর্তনের তারিখসহ বিদেশে প্রকৃত অবস্থানের তারিখ উল্লেখ রয়েছে কি-না ; এবং
- (৩) বহির্গমন ও প্রত্যাবর্তনের পথে সরকারি কার্য সম্পাদনের জন্য কোন বিরতি রয়েছে কি-না; এবং এরূপ বিরতি সরকারিভাবে অনুমোদিত কি-না।

উল্লেখ্য, পথিমধ্যে অননুমোদিত কোন বিরতির জন্য কেউ কোন দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

২৪। বৈদেশিক মুদ্রা মঞ্জুরীর প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করতে হলে নিম্নলিখিত তথ্য/কাগজপত্র অবশ্যই সরবরাহ করতে হবে :

- (ক) সংশ্লিষ্ট নোট এবং আদেশের সত্যায়িত অনুলিপি।
- (খ) সফরের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের সত্যায়িত অনুলিপি।
- (গ) যখন চিঠির মাধ্যমে প্রস্তাব পাঠানো হবে তখন উপরোক্ত কাগজপত্র অবশ্যই চিঠির সাথে প্রেরণ করতে হবে।
- (ঘ) যদি প্রস্তাবিত সফরের সকল খরচের সম্পূর্ণ অথবা কোন অংশ আমন্ত্রণকারী দেশ/সংস্থা বহন করে, তা হলে তার শর্তসমূহ পরিষ্কারভাবে জানাতে হবে।
- (ঙ) এ স্মারকলিপির ২ নং অনুচ্ছেদ মোতাবেক ব্যক্তি/কর্মকর্তা/কর্মচারীগণ কোন পর্যায়ে (Category) অন্তর্ভুক্ত তা জানাতে হবে।
- (চ) বৈদেশিক মুদ্রা মঞ্জুরীর প্রস্তাব বিদেশ গমনের কমপক্ষে ৭ দিন পূর্বে পাঠাতে হবে।
- (ছ) বৈদেশিক মুদ্রায় প্রাপ্য ভাতা গ্রহণের ব্যাপারে এ স্মারকের ৬ ও ৭ অনুচ্ছেদে উল্লিখিত হারসমূহের মধ্যে কোনটা সংশ্লিষ্ট ব্যক্তি/কর্মকর্তা/কর্মচারীর কাছে গ্রহণযোগ্য তা স্পষ্টভাবে জানাতে হবে।
- (জ) ভ্রমণকারী ব্যক্তি/কর্মকর্তা/কর্মচারীর পূর্ব ভ্রমণের যাতায়াত খরচের বিল সমন্বয় সাধন করা হয়েছে কি-না তা উল্লেখ করতে হবে।

যে ক্ষেত্রে প্রশাসনিক মন্ত্রণালয় বৈদেশিক মুদ্রা মঞ্জুরী প্রদান করে, সেক্ষেত্রে উল্লিখিত তথ্যাদি যথাযথভাবে পরীক্ষা করে মঞ্জুরী প্রদান করতে হবে।

২৫। (ক) ভ্রমণকারী ব্যক্তি/কর্মকর্তা/কর্মচারীকে সরকারি মঞ্জুরীর মাধ্যমে যাতায়াত ভাতা/দৈনিক ভাতা ক্ষেত্র বিশেষে আপ্যায়ন খরচ ও আনুষঙ্গিক খরচের জন্য বৈদেশিক মুদ্রা এবং স্থানীয় মুদ্রা অগ্রিম দেয়া যাবে। বিদেশে ব্যয়ভার বহনের জন্য বৈদেশিক মুদ্রার প্রয়োজন এবং বিমান টিকেট ক্রয়, বাংলাদেশের বিমান বন্দরের ট্যাক্স প্রদান, উপহার সামগ্রী ক্রয়, বৈদেশিক মুদ্রা ক্রয় ইত্যাদির জন্য স্থানীয় মুদ্রার প্রয়োজন হয়। উক্ত বৈদেশিক মুদ্রা ও স্থানীয় ব্যয়ভার বহনের জন্য অগ্রিম দেয়া যেতে পারে। অনুমোদিত ভ্রমণসূচি অনুযায়ী প্রাপ্যতা হিসাব করে বৈদেশিক মুদ্রার সমন্বয় সাধন করতে হবে এবং প্রাপ্যের অতিরিক্ত অর্থ বৈদেশিক মুদ্রায় ফেরত দিতে হবে। এ স্মারকের ১৭ নং অনুচ্ছেদ অনুযায়ী স্থানীয় মুদ্রায় ফেরত দিলে তা বিনিময় হারের দেড় গুণ হিসেবে ফেরত দিতে হবে। অনুমোদিত ভ্রমণসূচি অনুসারে বৈদেশিক মুদ্রায় এবং স্থানীয় মুদ্রায় প্রাপ্য পৃথক পৃথক ভাবে হিসাব করে যাতায়াত বিলের (T.A. Bill) মাধ্যমে মঞ্জুরীকৃত অগ্রিম অর্থের সমন্বয় করতে হবে। ভ্রমণকারী ব্যক্তি/কর্মকর্তা/কর্মচারীর পূর্বকার ভ্রমণের জন্য প্রাপ্য বৈদেশিক মুদ্রা সমন্বয় সাধন হয়েছে কিনা সে সম্পর্কে কর্তৃপক্ষের সার্টিফিকেট অথবা যদি সম্পূর্ণ খরচ না হয়ে থাকে, তাহলে অবশিষ্ট বৈদেশিক মুদ্রা যে ব্যাংকে ফেরত দিয়েছেন তার রশিদের সত্যায়িত অনুলিপি সংযোজিত করতে হবে। যেক্ষেত্রে প্রাপ্যের কম বৈদেশিক মুদ্রা গ্রহণ করা হয় সেক্ষেত্রে প্রাপ্যতানুযায়ী অতিরিক্ত অর্থ বৈদেশিক মুদ্রায় সাধারণ ক্ষেত্রে দেয়া যাবে না। সমপরিমাণ অর্থ স্থানীয় মুদ্রায় প্রাপ্য হবে।

(খ) উপরে উল্লিখিত তথ্যাদি সম্পূর্ণ ব্যবহার করে যাতায়াত বিল (T.A. Bill) প্রণয়ন করতে হবে।

২৬। বিদেশ ভ্রমণকালে বাংলাদেশ মিশনসমূহ হতে অগ্রিম গ্রহণের বিষয়টি যথাযথ পরীক্ষার পর সরকার এ সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, যেক্ষেত্রে অগ্রিম অপরিহার্য শুধু সে ক্ষেত্রেই বাংলাদেশ মিশনসমূহ এরূপ অগ্রিম প্রদান করবে। যেমনঃ ভ্রমণকারী ব্যক্তি/কর্মকর্তা/কর্মচারীগণের অবস্থানের মেয়াদ বর্ধিত করা হলে তিনি অগ্রিম গ্রহণ করতে পারেন। তবে, এরূপ অগ্রিম প্রদান সীমিত থাকবে এবং বাংলাদেশ মিশনসমূহকে এরূপ অগ্রিম প্রদান দ্রুত সমন্বয় সাধনের জন্য নিম্নলিখিত নির্দেশসমূহের প্রতি সতর্ক দৃষ্টি রাখতে হবেঃ

(ক) অগ্রিম প্রদানের পূর্বে বাংলাদেশ মিশন কর্তৃপক্ষ প্রার্থিত বৈদেশিক মুদ্রার প্রাপ্যতা যুক্তিযুক্ত কিনা তা নিশ্চিত হবেন এবং কোনক্রমেই প্রাপ্যের অতিরিক্ত অগ্রিম প্রদান করবেন না।

(খ) মিশন কর্তৃপক্ষ অগ্রিম প্রদানের সাথে সাথে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, সংশ্লিষ্ট কর্মকর্তার হিসাব রক্ষণ অফিসার, বাংলাদেশ ব্যাংক, অর্থ বিভাগ ও প্রশাসনিক মন্ত্রণালয়কে অবহিত করবেন।

(গ) প্রদত্ত অগ্রিম সুস্পষ্টভাবে মিশনের মাসিক হিসাবে দেখাতে হবে এবং সংশ্লিষ্ট প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক সমন্বয় সাধন করতে হবে- মর্মে উল্লেখ করতে হবে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা মিশনের মাসিক হিসাব পাবার পর সংশ্লিষ্ট মিশনে উক্ত অগ্রিম অর্থের প্রতিপূরণ করবেন এবং সংশ্লিষ্ট প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার অনুকূলে (Exchange Accounts) এর মাধ্যমে ব্যয় (Debit) হস্তান্তর করবেন যাতে সঠিক খাতে ব্যয় দেখিয়ে সমন্বয় সাধন করা যায়।

(ঘ) সরকারি কর্মকর্তা/কর্মচারী ভ্রমণ শেষে দেশে প্রত্যাবর্তনের পর উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে বৈদেশিক মুদ্রার প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ করবেন এবং ভ্রমণ বিলের মাধ্যমে অগ্রিম অর্থের সমন্বয় সাধন করবেন। এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় বৈদেশিক মুদ্রা মঞ্জুরী আদেশ জারি করবে যার অনুলিপি অগ্রিম প্রদানকারী মিশনসহ সংশ্লিষ্ট সকলের কাছে প্রেরণ করতে হবে। ভ্রমণ ভাতা সমন্বয় বিলে সংশ্লিষ্ট মিশন কর্তৃক প্রদত্ত অর্থ অগ্রিম দেখিয়ে প্রাপ্য অর্থ হতে বাদ দিতে হবে।

২৭। পূর্বে গৃহীত অগ্রিম টাকার সমন্বয় সাধন (adjustment) এর পূর্বে নতুন অগ্রিম মঞ্জুর করা হলে তা রীতি বিরুদ্ধ বলে বিবেচিত হবে।

২৮। এ আদেশ ০১ অক্টোবর ২০১২ থেকে কার্যকর হবে।

(জালাল আহমেদ)

অতিরিক্ত সচিব (প্রশাসন ও ব্যয় নিয়ন্ত্রণ)

বিতরণ: জ্যেষ্ঠতা অনুযায়ী নয়।

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩। সচিব, রাষ্ট্রপতির সচিবালয়
- ৪। সচিব----(সকল, মন্ত্রণালয়/বিভাগ)
- ৫। সচিব, জাতীয় সংসদ সচিবালয়
- ৬। সচিব, নির্বাচন কমিশন
- ৭। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড
- ৮। সচিব, বাংলাদেশ কর্মকমিশন সচিবালয়
- ৯। রাষ্ট্রপতির সামরিক সচিব
- ১০। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিবগণ
- ১১। বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস/হাই কমিশনসমূহ
- ১২। মহা-হিসাব নিরীক্ষক
- ১৩। মহা-হিসাব নিয়ন্ত্রকের দপ্তর
- ১৪। মহানিয়ন্ত্রকের (প্রতিরক্ষা হিসাব) দপ্তর
- ১৫। পরিচালক, নিরীক্ষা (ডাক, তার ও দূরালপনী)/পরিচালক, নিরীক্ষা (পূর্ত, পানি ও বিজলী)/পরিচালক, নিরীক্ষা, মিশন ও ইউ,এন অডিট-এর দপ্তর।
- ১৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাগণের দপ্তর
- ১৭। সকল সরকারি পরিদপ্তর ও অবস্থান দপ্তরসমূহ
- ১৮। সকল স্বায়ত্তশাসিত-সংস্থা
- ১৯। বাংলাদেশ ব্যাংক

